পরিকল্পনা বিভাগ এর আওতায় ২০১৬-২০১৭ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/ বিভাগভিত্তিক সার-সংক্ষেপ

ক্র:নং	মন্ত্রণাল/বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভূক্তপ্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
০১।	পরিকল্পনা বিভাগ	৪	১	৩	-	--	-	১৪.২৮%		

০১। **<u>সমাপ্ত প্রকল্পের সংখ্যা :</u>** ০৪

১। স্ট্রেংদেনিং ক্যাপাসিটি অব দ্যা জেনারেল ইকনমিক ডিভিশন টু ইন্টিগ্রেটেড পপুলেশন ইস্যুজ ইনটু ডেভেলপমেন্ট প্ল্যান প্রকল্প

২। পরিকল্পনা কমিশন চত্বরে (৫×২০) ১০০kwp সোলার সিষ্টেম সরবরাহ ও স্থাপন প্রকল্প

৩। সাপোর্ট টু সাসটেইনবল এন্ড ইনক্লুসিভ প্ল্যানিং প্রকল্প

৪। এনহ্যানসিং দ্যা ক্যাপাসিটি অব এসইআই ডিভিশন টু ইন্টিগ্রেটেড পপুলেশন এন্ড জেন্ডার ইস্যুজ ইনটু সেক্টরাল প্লানিং প্রকল্প

<u>সমাপ্ত প্রকল্পে ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ</u> Preparation of policy brief and position paper নতুনভাবে অন্তর্ভূক্ত করায় Policy dialogue head এ বরাদ্দ বৃদ্ধি পায়। এছাড়া বাস্তব ব্যয়ের ভিত্তিতে রাজস্ব কম্পোনেন্টগুলোর ব্যয় হ্রাস পাওয়ায় প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৪৩৬.৬৯ লক্ষ টাকা হতে হ্রাস করে ৩৫৭.৮৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় নির্ধারণ করা হয়।

০৩। **<u>সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ</u>**

ক্র: নং	সমস্যা	সুপারিশ
০১।	Strengthening Capacity of the General Economiv Division (GED) to integrate Population issues into Development Plans (1st revised).	
	পিসিআর পর্যালোচনায় দেখা যায়ন য়ে, প্রকল্পের আওতায় ভিয়েতনাম, থাইল্যান্ড ও মাল্টায় মোট ০৩টি observation Visit অনুষ্ঠিত হয়। এতে মোট ১১ জন কর্মকর্তা অংশগ্রহণ করেছেন। এছাড়া চীন, থাইল্যান্ড, দক্ষিণ আফ্রিকা ও কোরিয়ায় অনুষ্ঠিত মোট ০৪ টি Regional meeting/seminar-এ অংশগ্রহণ করেন সর্বমোট ০৫ জন কর্মকর্তা।	আলোচ্য প্রকল্পের মাধ্যমে সাধারণ অর্থনীতি বিভাগসহ সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ জনসংখ্যা ও উন্নয়ন ইস্যুসমূহ কিভাবে জাতীয় পরিকল্পনায় অন্তর্ভূক্ত করা যায় এ বিষয়ে জ্ঞান লাভ করেছেন মর্মে-প্রতীয়মান হয়। এমতাবস্থায়, এ প্রকল্পের মাধ্যমে সাধারণ অর্থনীতি বিভাগের দক্ষতা কতটা বৃদ্ধি পেয়েছে এ বিষয়ে গবেষণা পরিচালনা করা যেতে পারে। পরিকল্পনা বিভাগ এ বিষয়ে উদ্দ্যেগ গ্রহণ করবে।
		আলোচ্য প্রকল্পের মাধ্যমে সাধারণ অর্থনীতি বিভাগসহ সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ জনসংখ্যা ও উন্নয়ন ইস্যুসমূহ কিভাবে জাতীয় পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা যায় এ বিষয়ে জ্ঞান লাভ করেছেন মর্মে-প্রতীয়মান হয়। এমতাবস্থায়, এ প্রকল্পের

ক্র: নং	সমস্যা	সুপারিশ
		মাধ্যমে সাধারণ অর্থনীতি বিভাগের দক্ষতা কতটা বৃদ্ধি পেয়েছে এ বিষয়ে গবেষণা পরিচালনা করা যেতে পারে। পরিকল্পনা বিভাগ এ বিষয়ে উদ্দ্যেগ গ্রহণ করবে।
		UNFPA হতে প্রাপ্ত কম্পিউটার যন্ত্রপতি, ফটোকপিয়ার, স্ক্যানার, মাল্টিমিডিয়া, আসবাবপত্র, এয়ারকন্ডিশনারসমূহ অদ্যবধি সাধারণ অর্থনীতি বিভাগে হস্তান্তর করা হয়নি। এই মালামালগুলো দ্রুত হস্তান্তরের জন্য পরিচালক ব্যবস্থা গ্রহণ করবেন।
০২।	পরিকল্পনা কমিশন চত্বরে (৫×২০) ১০০ KWP সোলার সিস্টেম সরবরাহ ও স্থাপন শীর্ষক বিনিময়	
	ক্ষণে ভবনে স্থাপিত সৌর প্যানেল হতে প্রতিদিন গড়ে ১০.৫০ কিলোওয়াট বিদ্যুত পাওয়া যাচ্ছে। গণপূর্ত ই এম বিভাগের উপ-বিভাগীয় প্রকৌশলী জানান বর্তমানে পরিকল্পনা কমিশন চত্বরে বিদ্যুতের দৈনিক চাহিদা আনুমানিক ২৪৯২ মেগাওয়াট; যার মধ্যে শীততাপ নিয়ন্ত্রণ যন্ত্রের জন্য বিদ্যুত খরচ হয় আনুমানিক ২০০০ মেগাওয়াট, ফ্যান, লাইট ও অন্যান্য বৈদ্যুতিক সরঞ্জামাদি চালানোর জন্য ব্যয় হয় আনুমানিক ৫০০ মেগাওয়াট। তিনি জানান সরকারী বিধান অনুসারে ভবনসমূহের লাইট ও ফ্যান এর বৈদ্যুতিক চাহিদার ৩% অর্থাৎ ১৫ মেগাওয়াট বিদ্যুতের চাহিদা সৌর বিদ্যুত কার্যক্রমরের মাধ্যমে পূরণ করা প্রয়োজন। পর্যবেক্ষণে দেখা যায় যে, ২০ টি ভবনের সৌর প্যানেলগুলো হতে দৈনিক প্রায় ১৮১ কিলোওয়াট বিদ্যুত উৎপাদন হয়, অর্থাৎ ফ্যান ও লাইটের বৈদ্যুতিক চাহিদার ৩% এর (১৫ মেগাওয়াট) স্থলে বর্তমানে পাওয়া যাচ্ছে ১৮১ কিলোওয়াট সৌর বিদ্যুত যা প্রাপ্তির হিসেবে খুবই নগন্য।	প্রকল্পের আওতায় ২০ টি সোলার প্যানেলের মাধ্যমে (৫×২০kwp)=১০০ kwp সৌর বিদ্যুত সংগ্রহের পরিকল্পনা ছিল। বাস্তবিকভাবে এ সকল সোলার প্যানেল হতে গড়ে ১৮৪ kwp অর্থাৎ প্রায় দ্বিগুণের সমপরিমাণ বিদ্যুত পাওয়া যাচ্ছে। এতে আলোচ্য প্রকল্প হতে সুফল পাওয়া যাচ্ছে মর্মে প্রতীয়মান হয় (ক্রমিক ১৪.২,১৪.৩)।
	প্রকল্পের এই উদ্দেশ্যেটির সাথে প্রকৃতপক্ষে প্রকল্পের আওতায় সম্পাদিত কার্যক্রমের তেমন কোন সংশ্লিষ্টতা নেই। আলোচ্য প্রকল্পের আওতায় সোলার প্যানেল স্থাপন করে বিদ্যুৎ প্রাপ্তি নিশ্চিত করা হয়েছে। এ ক্ষেত্রে ভোল্টেজের উঠা-নামা হতে সকল ইলেকট্রিক্যাল ইক্যুইপমেন্টগুলো সংরক্ষনের জন্য কোন ডিভাইস ক্রয় বা স্থাপন করা হয়নি এবং এ ধরণের ডিভাইজ স্থাপনের provision ও ডিপিপিতে ছিল না। ফলে ডিপিপিতে বর্ণিত প্রকল্পের এই উদ্দেশ্যটি অর্জিত হয়নি।	পরিদর্শন প্রতীয়মান হয় যে, ডিপিপিতে উল্লেখিত উদ্দেশ্যগুলোর অনেকাংশেই অপ্রাসাঙ্গিক যা ইতোমধ্যে উদ্দেশ্য ও অর্জন অংশে বর্ণনা করা হয়েছে। এমতাবস্থায় ভবিষ্যতে প্রকল্প গ্রহণকালে উদ্দেশ্য উল্লেখের ক্ষেত্রে আরো পর্যালোচনা করা প্রয়োজন। প্রকল্প গ্রহণকালের উদ্দেশ্য বর্ণনার ক্ষেত্রে আরো বেশী যৌক্তিক হবার জন্য পরিকল্পনা বিভাগ সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ জানাবে
	পরিকল্পনা বিভাগের অধিকাংশ প্রকল্পেই কম্পিউটার যন্ত্রাংশ, আসবাবপত্রম বৈদ্যুতিক	পরিকল্পনা বিভাগের অধিকাংশ প্রকল্পেই কম্পিউটার যন্ত্রাংশ, আসবাবপত্রম বৈদ্যুতিক যন্ত্রপাতি ক্রয় করা হয়ে থাকে যেমন: আলোচ্য প্রকল্পের মাধ্যমে একটি কম্পিউটার ক্রয় করা হয়েছে

ক্র: নং	সমস্যা	সুপারিশ
	যন্ত্রপাতি ক্রয় করা হয়ে থাকে যেমন: আলোচ্য প্রকল্পের মাধ্যমে একটি কম্পিউটার ক্রয় করা হয়েছে মর্মে জানা যায়।	মর্মে জানা যায়। কিন্তু কম্পিউটারটি পাওয়া যায়নি। প্রকল্পের আওতায় ক্রীত এ সকল পণ্যদ্রব্য/ মালামাল ও তথ্যাদি যথাযথ সংরক্ষণের জন্য পরিকল্পনা বিভাগ বিশেষ ব্যবস্থা গ্রহণ করবে যাতে এগুলোর সঠিক ব্যবহার নিশ্চিত হয়।
৩।	Support to Sustainable and Inclusive Planning (SSIP)	
	প্রকল্পের আওতায় ১ জন বৈদেশিক পরামর্শক ও ৭ জন দেশীয় পরামর্শক কাজ করছেন। আবার একই প দে Sub-contract (Person) হিসেবেও জনবল নিয়োগ দেয়া হয়েছে। একই পদে দুইজন Specialist/ Consultant কাজ করার বিষয়ে TPP তে কোন কিছু উল্লেখ ছিল না। এছাড়া Revised TPP তে Subcontract বিষয়টিকে সম্পর্কে কোন প্রদান করা হয়নি। এতে ধানণা করা যায় যে, কত জন Specialist/ Consultant কাজ করেছেন এ বিষয়ে প্রকল্প দপ্তর যথাযথভাবে তথ্য সংরক্ষণ করা হয়নি।	পরিদর্শনে দেখা যায় যে, প্রকল্পটির পশ্রিক্ষণ কনসালটেন্ট ও Sub-contract এ নিয়োজিত স্পেশালিস্টদের তথ্যাদি যথাযথ ভাবে সংরক্ষণ করা হয়নি। ফলে এ সকল বিষয়ে সার্বিক ধারণা পাওয়া সম্ভব হয়নি। এক্ষেত্রে প্রকল্পের শুরুতেই কর্মকর্তা/কর্মচারীদের কর্মবন্টনের সময় প্রকল্পের একজন কর্মকর্তা কর্মচারীকে প্রকল্পের তথ্য সংরক্ষণের দায়িত্ব দেয়া যায়। পরিকল্পনা বিভাগ প্রকল্প পরিচালকদের এ বিষয়ে নির্দেশনা দিয়ে পত্র প্রেরণ করতে পারেন।
		১৫.২ বৈদেশিক সহায়তাপুষ্ট অধিকাংশ প্রকল্পেই প্রতিশ্রুতি পরিমাণ বৈদেশিক সাহায়তা না পাওয়ায় প্রকল্পের সকল কর্যাবলী সম্পাদন করা সম্ভব হয় না। যেমন এ প্রকল্পের ক্ষেত্রে UNDP এর বাজেট সল্পতার কারণে বৈদেশিক মাস্টার্স প্রোগ্রাম, ডিপ্লোমা কোর্স ইত্যাদি প্রকল্প সংশোধনের সময় বাদ দেয়া হয়েছে। এতে ধারণা করা যায় যে, প্রকল্প হতে উদ্দীষ্ট সুফলও পাওয়া যাচ্ছে না। বাজেট প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে পরিকল্পনা বিভাগ ERD এর সহায়তায় ব্যবস্থা গ্রহন করবে।

ক্র: নং	সমস্যা	সুপারিশ
৪।	Enhancing the Capacity of SEI Division to Integrate Population and Gender Issues into Sectoral Planning	
	প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৩৫৬.৩৫ লক্ষ টাকার (জিওবি ৩০.৭৪ লক্ষ টাকা, প্র:সা: ৩২৫.৬১ লক্ষ টাকা)-এর বিপরীতে অর্থ ব্যয় হয়েছে ২০১.৯৩ লক্ষ টাকা। এ বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে, UNFPA-এ প্রকল্পের জন্য প্রতিশ্রুত অর্থ বরাদ্দ করতে না পারায় অর্থ ব্যয় কম হয়েছে। পিসিআর-এর ইমপ্লিমেন্টশেন পজিশন-এর ক্রমিক-২ এ উল্লেখ করা হয়েছে Fund Curtailed but all events completed- কিন্তু বাস্তবে দেখা যায় যে, ডিপিপিতে উল্লিখিত সকল কম্পোনেন্ট-এর কাজ করা হয়নি। কিছু কিছু কম্পোনেন্ট-এর কাজ বার্ষিক ক্রয় পরিকল্পনায় বাদ দেয়া হয়েছে। আবার কোন কোন কম্পোনেন্ট-এর ক্ষেত্রে উল্লেখ করা হয়েছে প্রয়োজন হয়নি। ফলশ্রুতিতে প্রকল্পের ঐ সকল কম্পোনেন্ট-এর কাজ হয়নি যেমন- Observation Visit ৩টির পরিবর্তে ২টি আয়োজন করা হয়েছে। Organizing cost and at Designating/host country, Post Project Approval Follow -up Meeting with local stakeholders, Sharing/Dissemination Workshop, End of the Year Evaluation Term Assessment ,Project End Evaluation, Consultant for Preparation of Standard Guidelines in the line with GOB's existing policies on population & Gender Issues. ইত্যাদি কম্পোনেন্টগুলোকে প্রয়োজন হয়নি বিধায় বাদ দেয়া হয়েছে	আলোচ্য প্রকল্পটির মাধ্যমে প্রকল্প অনুমোদন ও সংশোধন সংক্রান্ত পরিপত্রে 'জনসংখ্যা ও জেন্ডার' বিষয়টিকে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং উন্নয়ন নীতিমালার পরিকল্পনায় 'জনসংখ্যা ও জেন্ডার' বিষয়সমূহকে অন্তর্ভুক্তকরণের জন্য Handbook প্রস্তুত করা হয়েছে যা অত্যন্ত প্রশংসনীয় উদ্যোগ। তবে বাস্তব ক্ষেত্রে দেখা যায় যে, প্রকল্প ডিপিপি প্রণয়নের সময় সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক পরিপত্র অনুযায়ী 'জনসংখ্যা ও জেন্ডার' বিষয়টিক ইস্যুগুলোতে তথ্য প্রদান নিশ্চিত করা এবং Handbook-এর নির্দেশনা অনুসরণ করে কাজ করার জন্য পরিকল্পনা বিভাগ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের নির্দেশনা প্রদান করবে;
	ক্ষেত্রে প্রাক্কলিত ব্যয় ১৪.০০ লক্ষ টাকা উল্লেখ করা হলেও প্রকৃত ব্যয় হয়েছে মাত্র ৬,০০০ টাকা। পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্পের আওতায় অনুষ্ঠিত Policy Dialogues গুলো মুদ্রণ হয়নি বা বই আকারে সংরক্ষণ করা হয়নি; যা সাধারনত: এ জাতীয় অন্যান্য প্রকল্পের ক্ষেত্রে করা হয়ে থাকে যেমন-Strengthenging Capacity of the General Economic	১৫.২ পরিদর্শনে দেখা যায় যে, UNFPA-এ অর্থ দিতে না পারায় প্রকল্পের অনেক গুরুত্বপূর্ণ কম্পোনেন্ট-এর কাজ করা সম্ভব হয়নি। বৈদেশিক সহায়তাপুষ্ট পরিকল্পনা বিভাগের এ সকল প্রকল্পের বৈদেশিক সহায়তা প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে পরিকল্পনা বিভাগ উদ্যোগ গ্রহণ করবে। প্রয়োজনে এ বিষয়ে ইআরডি'র সহায়তা গ্রহণ করবে।

ক্র: নং	সমস্যা	সুপারিশ
	Division (GED) to Integrate Population Issues into Development Plans (1st revised) প্রকল্পে করা হয়েছে। প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা জনাব আমানত আলী জানান যে, তিনি জানান প্রিন্টিং খাতে ব্যয় কমানোর কারণে এই ডকুমেন্টগুলো ছাপিয়ে সংরক্ষণ করা সম্ভব হয়নি। পূর্বের অভিজ্ঞতার আলোকে ভবিষ্যতের কর্মপন্থা তৈরীর জন্য এই ডায়ালগসমূহ মুদ্রণ করে সংরক্ষণ করার প্রয়োজনীয়তা ছিল। সুতরাং দেখা যায় যে, UNFPA-এ কর্তৃক Fund Curtail করার কারণে প্রকল্পের অনেক গুরুত্বপূর্ণ কাজ সম্পাদন করা সম্ভব হয়নি।	
		প্রকল্পের আওতায় যে সকল সেমিনার/ওয়ার্কশপ/ট্রেনিং ইত্যাদি সম্পাদিত হয়েছে এ সংক্রান্ত তথ্যাদি সঠিকভাবে সংরক্ষণ করা হয়নি। এ বিষয়ে প্রতিবেদনের ১৪.২, ১৪.৩-এ বিস্তারিত বর্ণনা করা হয়েছে। প্রকল্পের শুরুতেই কর্মকর্তা/কর্মচারী নিয়োগের সময় প্রত্যেকের দায়িত্ব বন্টনপূর্বক একজন কর্মকর্তা/কর্মচারীকে প্রকল্পের তথ্যাদি যথাযথভাবে সংরক্ষণের দায়িত্ব দিয়ে অফিস আদেশ জারি করা যেতে পারে। তাহলে ভবিষ্যতে উক্ত কর্মকর্তা/কর্মচারীর সংগে যোগাযাগ করে প্রকল্পের তথ্যাদি সংগ্রহ করা সহজতর হবে। পরিকল্পনা বিভাগ এ বিষয়ে প্রকল্প পরিচালকগণকে নির্দেশনা প্রদান করবে।

Strengthening Capacity of the General Economiv Division (GED) to integrate Population issues into Development Plans (1st revised) শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: ডিসেম্বর, ২০১৬)

১. প্রকল্পের নাম: Strengthening Capacity of the General Economiv Division (GED) to integrate Population issues into Development Plans (1st revised).

২. মন্ত্রণালয়ের নাম: পরিকল্পনা বিভাগ

৩. বাস্তবায়নকারী সংস্থা: সাধারণ অর্থনীতি বিভাগ (জিইডি) ও UNFPA (United Nations Fund for Population Activities)

৪. প্রকল্পের অবস্থান: পরিকল্পনা মন্ত্রণালয় চত্বর, আগারগাঁও, ঢাকা।

৫. প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:

(লক্ষ টাকায়)

মূল মোট টাকা প্র:সা:	সর্বশেষ সংশোধিত মোট টাকা প্র:সা:	প্রকৃত ব্যয় মোট টাকা প্র:সা:	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয়	অতিক্রান্ত সময়
			মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৪৩৬.৬৯ ৭০.৮৪ ৩৬৫.৮৫	৩৫৭.৮৪ ৩৪.২৯ ৩২০.৫৫	৩৫৫.০৫ ৩১.৭৫ ৩২৩.৩০	জানুয়ারি, ২০১২ হতে ডিসেম্বর, ২০১৬	জানুয়ারি, ২০১২ হতে ডিসেম্বর, ২০১৬	ডিসেম্বর,২০১২ হতে ডিসেম্বর, ২০১৬	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়

৬. <u>প্রকল্পের পটভূমি ও উদ্দেশ্য:</u>

৬.১ প্রকল্পের পটভূমি: ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনায় (২০১১-২০১৫) নারী শিক্ষা, মহিলাদের প্রজনন স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনার সেবা গ্রহণে সরকারী-বেসরকারী অংশীদারিত্ব এবং সামাজিক গতিশীলতার বিষয়গুলোকে জনসংখ্যা পরিকল্পনার কৌশল নির্ধারণের ক্ষেত্রে গুরুত্ব প্রদান করা হয়েছিল। শিক্ষার সুযোগ ও বিশেষত: নারী শিক্ষার নিম্নমানের কারণে শ্রমশক্তির দূর্বল মানের চ্যালেঞ্জ মোকাবেলায় ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনায় জনমিতিক লভ্যাংশ (demographic dividend) তথা জনসংখ্যার তরুন বযস গ্রুপকে কাজে লাগিয়ে সম্পদ উন্নয়ন, শিক্ষা ও প্রশিক্ষণ কৌশল এবং প্রাতিষ্ঠানিক উন্নয়ন কৌশল নির্ধারণ করা হয়েছিল। SDG এবং দারিদ্র দূরীকরনের লক্ষ্যে জাতীয় উন্নয়নকে তরান্বিত করার ক্ষেত্রে দ্রুত পরিবর্তনশীল জনমীতি থেকে সুবিধা অর্জনের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ এবং জাতীয় পরিকল্পনা ও নীতিসমূহে জনসংখ্যা ও উন্নয়ন এবং জেন্ডার সম্পর্কিত ইস্যু সমন্বিত করার জন্য পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের সক্ষমতা বৃদ্ধি করার উদ্দেশ্যে UNFPA এর অর্থায়নে Strengthening Capacity of the General Economiv Division (GED) to integrate Population issues into Development Plans (1st revised) শীর্ষক প্রকল্পটি গ্রহণ করা হয়।

৬.২ **<u>প্রকল্পের উদ্দেশ্য:</u>**

সার্বিক: প্রকল্পের সার্বিক উদ্দেশ্য হলো এমডিজি এবং প্রবৃদ্ধি অর্জনে জাতীয় উন্নয়ন ত্বরান্বিত।

নির্দিষ্ট: জনসংখ্যা ও জেন্ডার ইস্যুর সাথে অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়াদি জাতীয় পরিকল্পনায় অন্তর্ভুক্তকরণেল জন্য সাধারণ অর্থনীতি বিভাগকে কারিগরী সহায়তা প্রদান করে শক্তিশালীকরণ।

৭. **<u>প্রকল্পের মূল কার্যক্রম:</u>**

(ক) পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগসহ অন্যান্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের কর্মকর্তাদের জন্য capacity Building Training/ Workshop আয়োজন;
(খ) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের কর্মকর্তাদের জন্য consultation Workshop আয়োজন;
(গ) পলিসি ডায়ালগ অনুষ্ঠান ও পলিসি ব্রিফ প্রস্তুকরণ;

৮. প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (পিসিআর হতে প্রাপ্ত তথ্যানুযায়ী):

(লক্ষ টাকায়)

ক্র:নং:	টিপিপি অনুযায়ী অঙ্গের নাম	একক	আরটিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		মন্তব্য
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	
১	Project Inception Workshop	সংখ্যা	২.৮৩	১	২.৮৩	১	
২	Institutional Capacity Assessment	সংখ্যা	৬.১৯	১	৬.১৯	১	
৩	Capacity Building Workshop/Training	সংখ্যা/ব্যাচ	৭৩.৬৩	২০	৭৩.৬২	২০	
৪	Technical Assistance	--	৩০.৩৯	থোক	৩০.৩৯	থোক	
৫	Technical Committee Meeting	সংখ্যা	১.১৭	৫	১.১৭	৫	
৬	Observation visit/training	সংখ্যা	৪৮.০২	৩	৪৮.০২	৩	
৭	Regional Meeting/seminar	সংখ্যা/ব্যক্তি	৬.১১	৪/৫	৬.১১	৪/৫	
৮	Policy dialogue	সংখ্যা	১৯.৫০	১০	১৯.৪৬	১০	
৯	Dissemination workshop	সংখ্যা	২.১৪	১	২.১৪	১	
১০	Preparation of Policy briefs and Preparation of position papers	--	২৪.৫০	থোক	২৪.৫০	থোক	
১১	Meeting with media	সংখ্যা	১.৫০	১	১.৫০	১	
১২	Project Steering Committee Meeting	সংখ্যা	২.০০	৭	২.০০	৭	
১৩	Project Personnel DPA	সংখ্যা	৩৬.৪৭	১	৩৬.৪৩	১	
১৪	Project Personnel GOB	সংখ্যা	১৯.৬২	৪	১৯.১০	৪	
১৫	Rental Vehicles (microbus) & Fuel	সংখ্যা	৩৮.১৭	১	৩৬.৭৪	১	
১৬	Expendable equipment (LS)		৬.৫৭	থোক	৬.৩০	থোক	
১৭	Printing		৬.৯২	থোক	৬.৯২	থোক	
১৮	Others		৭.৭৪	থোক	৭.৭১	থোক	
১৯	Advertisement (GOB)		০.৮৬	থোক	০.৮৬	থোক	
২০	Stationary (GOB)		২.৫৬	থোক	২.৫৬	থোক	
২১	Mobile phone Allowance (GOB)		০.০৯	থোক	০.০৯	থোক	
২২	Charge Allowance (GOB)		৬.৫৯	থোক	৬.১৫	থোক	
২৩	Office Refurbishments		০.৭৪	থোক	০.৭৪	থোক	
২৪	Furniture, AC (LS)		৫.৭৯	থোক	৫.৭৮	থোক	
২৫	Equipment (Laptop-1, Desktop-3, Photocopier-1, & Multimedia-1)		৭.৭৪	৬টি	৭.৭৪	৬টি	
	Total:		৩৫৭.৮৪	১০০%	৩৫৫.০৫	১০০%	

৯. **<u>প্রকল্পের অনুমোদন ও সংশোধন সংক্রান্ত:</u>**

৯.১ প্রকল্পটির উপর গত ৩০/০৯/২০১২ তারিখে এসপিইসি সভা অনুষ্ঠিত হয়। এসপিইসি সভার সুপারিশের আলোকে পুনগঠিত ডিপিপি ৪৩৬.৬৯ লক্ষ টাকা (প্র: সা: ৩৬৫.৮৫ লক্ষ টাকা এবং জিওবি ৭০.৮৪ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয়ে গত ১৩/১২/২০১২ তারিখে অনুমোদিত হয়। component টি প্রকল্পের টিপিপিতে দুটো head-এ অন্তর্ভূক্ত করা হয়েছিলো। পরবর্তীতে Training component এর Technical Assistant (TA) head টি Capacity Building workshop/ Training head এর সাথে একীভূত করা হয়। একারণে Technical Assistant অংশে বরাদ্দ কমিয়ে Capacity Building অংশে বরাদ্দ বাড়িয়ে প্রকল্প সংশোধন করা হয় ১৫ ডিসেম্বর, ২০১৬ তারিখে।

৯.২ অনুমোদিত TPP তে প্রশিক্ষণ (training) অংশটি Technical Assistant (TA) এবং Capacity Building workshop/ Training head এর সাথে একীভূত করা হয়। ফলে Capacity Building workshop/ Training head এ বরাদ্দ বাড়ানো হয় এবং Technical Assistance খাতে বরাদ্দ কমানো হয়। NTA (National Transfer Account) বিষয়ে একটি Policy dialogue এবং Preparation of policy brief and position paper নতুনভাবে অন্তর্ভূক্ত করায় Policy dialogue head এ বরাদ্দ বৃদ্ধি পায়। এছাড়া বাস্তব ব্যয়ের ভিত্তিতে রাজস্ব কম্পোনেন্টগুলোর ব্যয় হ্রাস পাওয়ায় প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৪৩৬.৬৯ লক্ষ টাকা হতে হ্রাস করে ৩৫৭.৮৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় নির্ধারণপূর্বক ১৫ ডিসেম্বর, ২০১৬ তরিখে প্রকল্প সংশোধন করা হয়।

১০. বছরভিত্তিক এডিপি বরাদ্দ: অবমুক্তি ও ব্যয় (পিসিআর হতে প্রাপ্ত তথ্যানুযায়ী):

(লক্ষ টাকায়)

অর্থ বছর	এডিপি বরাদ্দ				অবমুক্তি	ব্যয়			
	মোট	টাকা	প্র: সা:	বাস্তব (%)		মোট	টাকা	প্র: সা:	বাস্তব (%)
২০১২-১৩	৯০.০০	৮.০০	৮২.০০			২১.৮২	৬.২৯	১৫.৫৩	
২০১৩-১৪	১১৫.০০	৮.০০	১০৭.০০			১১৭.৭৮	৬.৭৩	১১১.০৫	
২০১৪-১৫	১১৮.০০	৮.০০	১১০.০০			১১৪.৭৫	৫.৬৭	১০৯.০৮	
২০১৫-১৬	৮৪.০০	১০.০০	৭৪.০০			৬৮.৫২	৫.৬০	৬২.৮২	
২০১৬-১৭	৩৩.০০	৮০.০০	২৫.০০			৩২.১৮	৭.৪৬	২৪.৭২	
মোট:	৪৪০.০০	৪২.০০	৩৯৮.০০			৩৫৫.০৫	৩১.৭৫	৩২৩.৩০	

১১. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

ক্র:নং	কর্মকর্তার নাম ও পদবী	দায়িত্ব পালনের সময়কাল
১	জনাব মোহসিন আলী খন্দকার যুগ্ম-প্রধান	২৪/১২/২০১২ হতে ০৭/০২/২০১৩
২	জনাব নুরুল হক মজুমদার যুগ্ম-প্রধান	২৪/০২/২০১৩ হতে ০৪/০৩/২০১৪
৩	জনাব খন্দকার আহসান হোসেন যুগ্ম-প্রধান	০৫/০৩/২০১৪ হতে ০২/০৮/২০১৪
৪	জনাব মোঃ শাহজাহান যুগ্ম-প্রধান	২৮/০৮/২০১৪ হতে ৩১/০৫/২০১৬
৫	জনাব খন্দকার আহসান হোসেন যুগ্ম-প্রধান	০২/০৮/২০১৬ হতে ৩১/১২/২০১৬

১২. প্রকল্প মূল্যায়ন পদ্ধতি: প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের জন্য প্রকল্পটি সম্পর্কে আইএমইডি'র পর্যবেক্ষণ প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করা হয়;

(ক) প্রকল্পের অনুমোদিত ডিপিপি, নথি ও পিসিআার পর্যালোচনা;

(খ) প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শন প্রাপ্ত তথ্য;

(গ) প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শনের সময় প্রকল্প সংশ্লিষ্টদের সাথে আলোচনা;

(ঘ) প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের নিমিত্ত প্রত্যাশী সংস্থার বর্তমান কার্যক্রম পর্যালোচনা;

১৩. **প্রকল্পের পরিকল্পিত উদ্দেশ্য ও অর্জন:**

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
১। জনসংখ্যা ও জেন্ডার ইস্যুর সাথে অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়াদি জাতীয় পরিকল্পনায় অন্তর্ভূক্তকরনের জন্য সাধারণ অর্থনীতি বিভাগকে কারিগরী সহায়তা প্রদান করে শক্তিশালীকরণ।	আলোচ্য প্রকল্পের মাধ্যমে জনসংখ্যা ও উন্নয়ন ইস্যুতে সাধারণ অর্থনীতি বিভাগের সক্ষমতা পরিমাপের জন্য পরামর্শক নিয়োগের মাধ্যমে Capacity assessment করা হয়। পরবর্তীতে যার ভিত্তিতে দক্ষতা বৃদ্ধিমূলক কার্যক্রম যেমন প্রশিক্ষণ, ওয়ার্কশপ ও পলিসি ডায়ালগ ইত্যাদির আয়োজন করা হয়; যাতে সাধারন অর্থনীতি বিভাগের কর্মকর্তাগণসহ মন্ত্রণালয়/ বিভাগে কর্মরত কর্মকর্তাগণ জনসংখ্যা এবং দারিদ্র, বৈষম্য, উন্নয়ন ও উদ্ভুত অন্যান্য ইস্যুগুলোর উপর জনসংখ্যার প্রভাব সম্পর্কে ধারণা লাভ করা করেন এবং জাতীয় পরিকল্পনা ও নীতিমালায় এ সকল ইস্যু সম্পর্কিত নতুন ধারণাগুলোকে অন্তর্ভূক্ত করতে পারেন। কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদানের জন্য এ প্রকল্পেরে মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের Department of Population Science এর সাথে একটি MOU স্বাক্ষরিত হয়। পরামর্শক নিয়োগের মাধ্যমে প্রশিক্ষনের মডিউল তৈরী করে এ মডিউল অনুসারে ২০ টি ব্যাচে প্রায় ৪০০ কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রাদন করা হয়। এছাড়া প্রকল্পের আওতায় ১০ টি পলিসি ডায়ালগের আয়োজস করা হয়। এ পলিস ডায়ালগ আয়োজনের সুনির্দিষ্ট উদ্দেশ্য ছিল সাধারণ অর্থনীতি বিভাগ এবং সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয় ও বিভাগের কর্মকর্তাদের জনসংখ্যা ও উন্নয়ন ইস্যুসমূহের চ্যালেঞ্জ সম্পর্কে জ্ঞান লাভ ও পারস্পরিক তথ্য আদান-প্রদান। Key Stakeholder-দের অংশগ্রহণে আয়োজিত এ পলিসি ডায়ালগসমূহের মাধ্যমে প্রকৃতপক্ষে অতীত ও বর্তমান নীতিমালাসমূহের গভীরতা, বিভিন্ন দিক, সবলতা ও দুর্বলতাকে চিহ্নিত করা হয়েছে। এ পলিসি ডায়ালগসমূহের মাধ্যমে প্রশিক্ষনার্থীগণ বর্তমান নীতিমালাসমূহের Popolation momentum- এর চলমান ধারা এবং দূর্বল দিকসমূহ চিহ্নিতকরণের পাশাপশি বাস্তবায়ন ক্ষেত্রে সমস্যা সম্পর্কে ধারণা লাভ করেছেন। তবে Capacity Building বিষয়টি সহজে পরিমাপযোগ্য নয় বিধায় এই প্রকল্পের আওতায় আয়োজিত প্রশিক্ষণ, ওয়ার্কশপ ও পলিসি ডায়ালগের মাধ্যমে সাধারণ অর্থনীতি বিভাগের কর্মকর্তাগণ জনসংখ্যা ও জেন্ডার ইস্যুতে কতটা দক্ষথা অর্জন করেছেন এ বিষয়ে সুস্পষ্ট ধারণার জন্য গবেষণার প্রয়োজন রয়েছে।

১৪. **পরিদর্শন ও পর্যবেক্ষণ:**

১৪.১ প্রকল্পটির সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে আইএমইডি কর্তৃক গত ১৫/০৮/২০১৮ তারিখ ঢাকার আগারগাঁও এ অকস্থিত পরিকল্পনা মন্ত্রণালয় চত্বরে প্রকল্পের আওতায় সম্পাদিত কার্যাবলী পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাদের সাথে আলোচনাপূরবক তথ্য সংগ্রহ করা হয়।

১৪.২ প্রকল্পটির অঙ্গভিত্তিক ব্যয় পর্যালোচনায় দেখা যায় যে, ২৩/০৩/২০১৩ তারিখে বিভিন্ন মন্ত্রণালয়ের প্রায় ৬০ জন কর্মকর্তার অংশগ্রহনে প্রকল্পের Inception Workshop অনুষ্ঠিত হয়। প্রকল্প পরিচালক জনাব , এ Inception Workshop টি ছিল প্রকৃতপক্ষে প্রকল্পের শুরু। এ কর্মশালায় Population dynamics and development challenges in Bangladesh বিষয়ে Key note paper উপস্থাপন করা হয়। প্রকল্প পরিচালক জানান ৬.১৯ লক্ষ টাকা ব্যয়ে UNDP কর্তৃক একজন consultant নিয়োগের মাধ্যমে জনসংখ্যা ও উন্নয়ন ইস্যুতে সাধারণ অর্থনীতি বিভাগের Capacity assessment করা হয়েছে। পিসিআর হতে জানা যায় যে, মোট ২০ টি Capacity Building কর্মশালা/ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। এতে দেখা যায় যে, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগসহ বিভিন্ন মন্ত্রণালয়, অধিদপ্তর ও পরিদপ্তর হতে প্রতি ব্যাচে গড়ে ২০ জন কর্মকর্তা অংশগ্রহণ করেছেন।

১৪.৩ পিসিআর পর্যালোচনায় দেখা যায়ন যে, প্রকল্পের আওতায় ভিয়েতনাম, থাইল্যান্ড ও মাল্টায় মোট ০৩টি observation Visit অনুষ্ঠিত হয়। এতে মোট ১১ জন কর্মকর্তা অংশগ্রহণ করেছেন। এছাড়া চীন, থাইল্যান্ড, দক্ষিণ আফ্রিকা ও কোরিয়ায় অনুষ্ঠিত মোট ০৪ টি Regional meeting/seminar-এ অংশগ্রহণ করেন

সর্বমোট ০৫ জন কর্মকর্তা। প্রকল্পের পিসিআর এ বৈদেশিক সফর সংক্রান্ত তথ্যাদি বিস্তারিত ভাবে বর্ণনা করা হয়েছে। প্রকল্পের আওতায় মোট ১০ টি পলিসি ডায়ালগ অনুষ্ঠিত হয় যার প্রেক্ষিতে নিম্নবর্ণিত policy brif/paper গুলো মুদ্রন করা হয়:

ক্র: নং	পলিসি ব্রিফ/পেপার	পলিসি ডায়ালগ অনুষ্ঠানের তারিখ	অংশগ্রহণকারীর সংখ্যা
১	Population dynamics and development challenges in Bangladesh.	২৩/০৩/২০১৩	৭৮ জন
২	Policy dialogue on Transition demographic dividend: deciding Future development strategies in Bangladesh.	৩০/০৬/২০১৩	৫০ জন
৩	Policy dialogue on Ageing Population in Bangladesh.	২২/১২/২০১৩	৬৩ জন
৪	The Level of Integration of Population dynamics issues in the 7th five year plan document for 2016-2020	৩১/১২/২০১৫	৭০ জন
৫	The need of sexual and Population health services for the youth population and the scale of investment necessary to harness the demographic dividend.	২৮/১২/২০১৫	৭৫ জন
৬	Analyzing demographics situation in Bangladesh: Mapping out the Challenges into development processes.	১৮/১২/২০১৪	৬৫ জন
৭	Managing the population momentum issues facilitating economic development in Bangladesh.	২১/১২/২০১৪	৫৮ জন
৮	Factors affecting preference for education health services in slum areas.	২২/১২/২০১৪	৬৫ জন
৯	Projection of youth and Adolescent needs for human resource development in Bangladesh.	৩১/১২/২০১৫	৭৫ জন
১০	Effective use of human resource in Bangladesh for inclusive economic growth and income distribution and application of National Transfer Account.	১১/১২/২০১৬	১০০ জন

১৪.৫ প্রকল্পের আওতায় ২৩/০২/২০১৪ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রীর সভাপতিত্বে ৫০ জন কর্মকর্তার অংশগ্রহণে ১টি dissemination workshop অনুষ্ঠিত হয়। উক্ত workshop-এ 'How to stabilize population growth in Bangladesh whether it is necessary শীর্ষক key note paper উপস্থাপন করা হয়।

পরিদর্শনে দেখা যায় যে, প্রকল্পের policy brief/ paper সহ অন্যান্য ডকুমেন্টগুলো একত্রিত করে পুস্তক আকারে মুদ্রন করে সংরক্ষণ করা হয়েছে। এগুলো হলো:

(১) Population dynamics demographic dividend Ageing Population and capacity building of GED.
(২) Population Management Issues monograph-2
(৩)Population Management Issues monograph-3
(৪) Background ICPD 1994-2014 country report.
(৫) Background Paper on Health, Nation and Population strategy in 7FYP

১৪.৬ প্রকল্পের পিসিআর পর্যালোচনায় দেখা যায় যে, আলোচ্য প্রকল্পে মোট ০৯ জন কনসালটেন্ট কাজ করেছেন যার মধ্যে ২জন সরাসরি UNFPA হতে সরাসরি নিয়োগ প্রাপ্ত। তবে RTPP এর ক্রয় পরিকল্পনায় ও পিসিআর এ প্রদত্ত পরামর্শক নিয়োগ সংক্রান্ত তথ্যে কিছুটা গরমিল পরিলক্ষিত হয়। প্রকল্পের আরটিপিপি এর প্রকিউরমেন্ট প্ল্যান-এ ৮জন কনসালটেন্ট নিয়োগের বিষয়টি উল্লেখ থাকলেও পিসিআর অনুযায়ী বাস্তবে কাজ করেছেন ০৯ জন। Preparing policy briefs/research paper on effective use of human resource in Bangladesh for inclusive growth and income distribution কাজের জন্য পরামর্শ কাজ করেছেন যা ক্রয় পরিকল্পনায় উল্লেখ নেই। UNFPA হতে সরাসরি ক্রয় করে প্রকল্পের জন্য কম্পিউটার যন্ত্রপাতি, ফটোকপিয়ার, স্ক্যানার, মাল্টিমিডিয়া, আসবাবপত্র, এয়ারকন্ডিশনার ইত্যাদি সরবরাহ করা হয়েছে। পরিদর্শনে দেখা যায় যে, এ সকল মালামাল প্রকল্পের স্টক রেজিস্ট্রারে এন্ট্রি করা হয়েছে। এ সকল যন্ত্রপাতি ও আসবাবপত্র অফিসিয়ালি GED তে হস্তান্তর করা হয়েছে কিনা এ বিষয়ে পরিচালক জানান মালামালগুলো অবিলম্বে GED তে হস্তান্তর করা হবে।

১৫. **<u>সুপারিশ:</u>**

১৫.১ ২০১৮-১৯ অর্থ বছর পর্যন্ত পরিকল্পনা বিভাগে একাধিক দক্ষতা বৃদ্ধিমূলক প্রকল্প বাস্তবায়িত/বাস্তবায়নাধীন রয়েছে। আলোচ্য প্রকল্পের মাধ্যমে সাধারণ অর্থনীতি বিভাগসহ সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ জনসংখ্যা ও উন্নয়ন ইস্যুসমূহ কিভাবে জাতীয় পরিকল্পনায় অন্তর্ভূক্ত করা যায় এ বিষয়ে জ্ঞান লাভ করেছেন মর্মে-প্রতীয়মান হয়। এমতাবস্থায়, এ প্রকল্পের মাধ্যমে সাধারণ অর্থনীতি বিভাগের দক্ষতা কতটা বৃদ্ধি পেয়েছে এ বিষয়ে গবেষণা পরিচালনা করা যেতে পারে। পরিকল্পনা বিভাগ এ বিষয়ে উদ্দ্যেগ গ্রহণ করবে।

১৫.২ এ প্রকল্পের অন্যতম ইতিবাচক দিক হলো documentation । সকল Policy brief/ paper গুলো মুদ্রন করে বই আকারে প্রকাশ ও সংরক্ষণ করা হয়েছে যা ভবিষ্যতে গুরুত্বপুর্ণ reference হিসেবে কাজ করবে। এছাড়া প্রকল্পের আওতায় সম্পাদিত সকল কার্যক্রমের সকল কার্যক্রমের নথি/ তথ্যাদি অত্যন্ত সুচারুরূপে সংরক্ষণ করা হয়েছে যা প্রশংসার দাবিদার।

১৫.৩ UNFPA হতে প্রাপ্ত কম্পিউটার যন্ত্রপতি, ফটোকপিয়ার, স্ক্যানার, মাল্টিমিডিয়া, আসবাবপত্র, এয়ারকন্ডিশনারসমূহ অদ্যবধি সাধারণ অর্থনীতি বিভাগে হস্তান্তর করা হয়নি। এই মালামালগুলো দ্রুত হস্তান্তরের জন্য পরিচালক ব্যবস্থা গ্রহণ করবেন।

`

Enhancing the Capacity of SEI Division to Integrate Population and Gender Issues into Sectoral Planning শীর্ষক **প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত সেপ্টেম্বর, ২০১৬)

১.	প্রকল্পের নাম	:	Enhancing the Capacity of SEI Division to Integrate Population and Gender Issues into Sectoral Planning
২.	মন্ত্রণালয়/বিভাগ	:	পরিকল্পনা বিভাগ
৩.	বাস্তবায়নকারী সংস্থা	:	জনসংখ্যা পরিকল্পনা উইং, SEI বিভাগ, পরিকল্পনা কমিশন এবং UNFPA (United Nations Fund for Population Activities.
৪.	প্রকল্পের অবস্থান	:	পরিকল্পনা মন্ত্রণালয় চত্বর, আগারগাঁও, ঢাকা।
৫.	প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়	:	

(লক্ষ টাকায়)

মূল মোট টাকা প্র:সা:	সর্বশেষ সংশোধিত মোট টাকা প্র:সা:	প্রকৃত ব্যয় মোট টাকা প্র:সা:	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয়	অতিক্রান্ত সময়
			মূল্য	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৩৫১.৩৫ ২৫.৭৮ ৩২৫.৬১	৩৫১.৩৫ ২৫.৭৮ ৩২৫.৬১	২০১.৯৩ ১০.৬০ ১৯১.৩৩	০১/০১/২০১৩ হতে ৩১/১২/২০১৬	০১/০১/২০১৩ হতে ৩১/১২/২০১৬	০১/০১/২০১৩ হতে ৩০/০৯/২০১৬	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়

৬. **প্রকল্পের পটভূমি ও উদ্দেশ্য :**

৬.১ **পটভূমি :** বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগসহ অধীনস্থ সংস্থার এবং পরিকল্পনা কমিশনের সেক্টর/বিভাগ উন্নয়ন পকিল্পনা/কর্মসূচী/ প্রকল্প উন্নয়ন, অনুমোদন ও বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের এবং জেলা ও উপজেলা পর্যায়ে প্রশাসনের উদ্দেশ্যে প্রশিক্ষণ প্রদান এবং এ সকল বিষয়ে Advocacy & Sensitization-এর উদ্দেশ্যে জানুয়ারি, ২০০৩ হতে ডিসেম্বর, ২০০৫ মেয়াদে পরিকল্পনা কমিশনেরর আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ কর্তৃক একটি প্রকল্প বাস্তবায়ন করা হয়। পরবর্তীতে জাতীয় ও সেক্টর পর্যায়ে উন্নয়ন পরিকল্পনায় 'জনসংখ্যা' ও 'জেন্ডার' এ দুটি ধারণাকে সন্নিবেশ করার লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদানসহ সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে UNFPA 6th Country Programme-এর আওতায় জানুয়ারি, ২০০৩ হতে ডিসেম্বর, ২০০৫ মেয়াদে আরো একটি প্রকল্প বাস্তবায়ন করা হয়। ইতোপূর্বে বাস্তবায়িত দুটি প্রকল্পের মূল্যায়নের ভিত্তিতে এবং 'জনসংখ্যা' ও 'জেন্ডার' এ দুটি ধারণাকে জাতীয় ও সেক্টর পর্যায়ে উন্নয়ন পরিকল্পনায় কার্যকরভাবে অন্তর্ভুক্তির উদ্দেশ্যে UNFPA 8th Country Programme-এর আওতায় আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

৬.২ **প্রকল্পের উদ্দেশ্য :**

- ✦ প্রশিক্ষণ, কর্মশালা, সেমিনার ইত্যাদি অনুষ্ঠানের মাধ্যমে পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের দক্ষতা বৃদ্ধিকরণ;
- ✦ জাতীয় ও সেক্টরাল উন্নয়ন পরিকল্পনা ও নীতিমালায় 'জনসংখ্যা' ও 'জেন্ডার' এ দুটি বিষয় অন্তর্ভুক্তি নিশ্চিতকরণ।

৭.　**প্রকল্পের মূল কার্যক্রম :**

(ক) পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগসহ অন্যান্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের কর্মকর্তাদের জন্য Capacity Building Training/Workshop আয়োজন;

(খ) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের কর্মকর্তাদের জন্য Consultation Workshop আয়োজন;

(গ) পলিসি ডায়ালগ অনুষ্ঠান;

(ঘ) পপুলেশন ডাটা শীট প্রণয়ন।

৮.　**প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন :**

(লক্ষ টাকায়)

ক্র:নং	ডিপিপি অনুযায়ী অঙ্গের নাম	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
১.	Project Personnel to be recruited by UNFPA		৫৯.৫০	২	৩৩.৭৬	২
২.	Project Allowance for GOB Officials including Supporting Staff		৯.৯০	৫	৮.৯৪	৫
৩.	Telephone		২.০০	--	--	--
৪.	Fuel & Maintenance of Vehicles & Equipment		১৪.২	--	১১.০৫	১০০%
৫.	Printing		১৪.০০	--	০.০৬	১০০%
৬.	Stationary & Supplies		১৫.১০	--	৪.৯৩	১০০%
৭.	Advertisement		৩.০০	--	--	০%
৮.	Capacity Building on Integrated Appraisal of Population dynamics & deepening understanding of emerging issues		২৫.৬০	৮ ব্যাচ	২৩.২৬	৮ ব্যাচ
৯.	Observation Visit		৪১.০০		২৪.১২	২ ব্যাচ
১০.	Organizing cost and at Designating/host country		১৫.০০	--	৮.৬০	০
১১.	Participation in Regional Meetings/Consultations on Population Issues		১৫.০০	--	--	--
১২.	Project Inception Workshop		১.০০	১	১.০০	১
১৩.	Workshop, Training Orientations on Population Development & Gender Issues		২৬.৪০	১২ ব্যাচ	১৭.৩৭	১২ ব্যাচ
১৪.	Policy Dialogues & Follow-up Consultant Meeting on Policy Dialogues		১৯.৩৬	--	১৯.০৪	--
১৫.	Inception Workshop		৩.০০	১	৩.০০	১
১৬.	Consultative to finalize the Handbook Workshop		২.০০	১	১.১০	১
১৭.	Post Project Approval Follow -up Meeting with local stakeholders		৪.৯৫	--	--	--
১৮.	Dissemination Workshop		১.০০	--	--	--
১৯.	Consultant for Capacity Assessment		৫.০০	২ mm	৫.০০	২ mm
২০.	National Consultant for Population Data Sheet		৭.৫০	৩ mm	৪.২৮	৩ mm

ক্র:নং	ডিপিপি অনুযায়ী অঙ্গের নাম	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
২১.	Consultant for reviewing/ revising the Project Development Guidelines Developing MIS to track quality of project Proposals & preparing Handbook		৭.৫০	৩ mm	৭.৪৫	৩ mm
২২.	Short Time Consultant		৩.০০	২ mm	৩.০০	২ mm
২৩.	End of the Year Evaluation Term Assessment		৭.৫০	--	--	--
২৪.	Project End Evaluation		৪.০০	--	--	--
২৫.	Consultant for Preparation of Standard Guidelines in the line with GOB's existing policies on population & Gender Issues		৫.০০	৩ mm	--	৩ mm
২৬.	Technical Committee Meetings (Population Data Sheet)		১.৫০	--	--	--
২৭.	PSC Meetings		৫.১০	৬	৩.৩১	৬
২৮.	PIC Meetings		৩.৪০	৬	১.৮২	৬
২৯.	Project Technical Committee Meetings		২.৪০	১	১.৯১	১
৩০.	Project Evaluation Committee Meetings		১.৬০	--	--	--
৩১.	Sundry/Miscellaneous		৯.৫৪	--	৪.৯২	--
৩২.	Repair & Maintenance of Equipment		৭.২০	--	০.৬৮	--
	Total Revenue :		**৩৪৪.২৫**	**--**	**১৯০.৩৮**	**--**
৩৩.	Air Cooler		১.০০	১	১.০০	১
৩৪.	Computer (Desktop)		৩.০০	৩	৩.০০	৩
৩৫.	Laptop (Replacement)		১.০০	১	১.০০	১
৩৬.	Multi Media Screen and Scanner		১.৫০	১	১.০০	১
৩৭.	Inkjet Color & Laser Printer		০.৬০	১	০.৫৫	১
৩৮.	Furniture (Chair, Table, File Cabinet and Other's)		৪.০০	--	৪.০০	--
৩৯.	Other's Refurbishments		১.০০	--	১.০০	--
	Total Capital :		**১২.১০**	**--**	**১১.৫৫**	**--**
	Grand Total :		**৩৫৬.৩৫**	**--**	**২০১.৯৩**	**--**

৯। **প্রকল্পের অনুমোদন সংক্রান্ত :**

৯.১ আলোচ্য প্রকল্পটি UNFPA-এর অনুদান এবং জিওবি অর্থায়নে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটি মোট ৩৫১.১৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১৩ হতে ডিসেম্বর, ২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০৭/০২/২০১৩ তারিখে পরিকল্পনা মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদিত হয় এবং পরবর্তীতে ব্যয় বৃদ্ধিপূর্বক ৩৫৬.৩৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে কতিপয় সংশোধনীসহ প্রকল্পটি ১২/০৯/২০১৩ তারিখে অনুমোদিত হয়।

১০। **বছরভিত্তিক এডিপি বরাদ্দ : অবমুক্তি ও ব্যয়** (পিসিআর হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী) :

(লক্ষ টাকায়)

অর্থ বছর	এডিপি বরাদ্দ				অবমুক্তি	ব্যয়			
	মোট	টাকা	প্র:সা:	বাস্তব (%)		মোট	টাকা	প্র:সা:	বাস্তব (%)
২০১২-১৩	১৫.০০	১.০০	১৪.০০	১০০%	--	১৪.০০	--	১৪.০০	৯৪%
২০১৩-১৪	১০৪.০০	৭.০০	৯৭.০০	১০০%	--	৭১.৭৯	৩.২০	৬৮.৫৯	৬৯%
২০১৪-১৫	৮৩.০০	৭.০০	৭৬.০০	১০০%	--	৬৫.০১	৩.৬৭	৬১.৩৪	৭৯%
২০১৫-১৬	৫০.০০	১০.০০	৪০.০০	১০০%	--	৪৪.৪৪	২.৬৪	৪১.৮০	৮৯%
২০১৬-১৭	৭.০০	২.০০	৬.০০	১০০%	--	৫.৬০	১.০৯	৫.৬০	৮০%
মোট :	২৫৯.০০	২৭.০০	২৩৩.০০	১০০%	--	২০১.৯৩	১০.৬০	১৯১.৩৩	৭৮%

১১। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :**

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবী	দায়িত্ব পালনের সময়কাল
১.	জনাব দিলরুবা ইয়াছমিন যুগ্ম-প্রধান, SEID, পরিকল্পনা কমিশন	০৭/০২/২০১৩ হতে ১১/০৫/২০১৪
২.	জনাব সামীম আহমেদ খান যুগ্ম-প্রধান, SEID, পরিকল্পনা কমিশন	১২/০৫/২০১৪ হতে ২৫/১১/২০১৪
৩.	জনাব জাকির হোসেন যুগ্ম-প্রধান, SEID, পরিকল্পনা কমিশন	২৬/১১/২০১৪ হতে ১৩/০১/২০১৬
৪.	জনাব মো: রফিকুল ইসলাম যুগ্ম-প্রধান, SEID, পরিকল্পনা কমিশন	১৪/০১/২০১৬ হতে ২৮/০২/২০১৬
৫.	জনাব সামীম আহমেদ খান যুগ্ম-প্রধান, SEID, পরিকল্পনা কমিশন	০১/০৩/২০১৬ হতে ৩০/০৯/২০১৬ পর্যন্ত

১২। **প্রকল্প মূল্যায়ন পদ্ধতি :** প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের জন্য প্রকল্পটি সম্পর্কে আইএমইডি'র পর্যবেক্ষণ প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করা হয় :

(ক) প্রকল্পের অনুমোদিত ডিপিপি, নথি ও পিসিআর পর্যালোচনা;

(খ) প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শনে প্রাপ্ত তথ্য;

(গ) প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শনের সময় প্রকল্প সংশ্লিষ্টদের সাথে আলোচনা;

(ঘ) প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের নিমিত্ত প্রত্যাশী সংস্থার বর্তমান কার্যক্রম পর্যালোচনা।

১৩। **প্রকল্পের পরিকল্পিত উদ্দেশ্য ও অর্জন :** পিসিআর-এ উল্লেখিত প্রকল্পের পরিকল্পিত উদ্দেশ্য ও অর্জন পর্যালোচনায় দেখা যায় যে, পিসিআর-এ উল্লেখ করা হয়েছে TPP-তে বর্ণিত উদ্দেশ্যসমূহ কিছু TPP এবং RTPP তে উদ্দেশ্যসমূহের সাথে পিসিআর এ উল্লেখিত উদ্দেশ্যসমূহের কোন মিল নেই। এমতাবস্থায়, RTPP-তে উল্লেখিত উদ্দেশ্যগুলোর বিপরীতে এ প্রকল্পের অর্জন সম্পর্কে আলোকপাত করা হলো :

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
প্রশিক্ষণ, কর্মশালা, সেমিনার ইত্যাদি অনুষ্ঠানের মাধ্যমে পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের দক্ষতা বৃদ্ধিকরণ	আলোচ্য প্রকল্পের মাধ্যমে আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ, কর্মশালা, সেমিনার ইত্যাদি অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে শুধু আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের কর্মকর্তারাই উপকৃত হননি বরং বিভিন্ন মন্ত্রণালয় হতে এ সকল সভা সেমিনার, ওয়ার্কশপে অংশগ্রহণকারী কর্মকর্তাগণও পপুলেশন এবং জেন্ডার বিষয়ে ধারণা লাভ করেছেন। তবে Capacity Building বিষয়টি সহজেই পরিমাপযোগ্য নয় বিধায় এ প্রকল্পের মাধ্যমে আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের দক্ষতা কতটা বৃদ্ধি পেয়েছে এ সম্পর্কে সুস্পষ্টভাবে ধারণা পেতে হলে গবেষণার প্রয়োজন রয়েছে।

জাতীয় ও সেক্টরাল উন্নয়ন পরিকল্পনা ও নীতিমালায় 'জনসংখ্যা' ও 'জেন্ডার' এ দুটি বিষয় অন্তর্ভুক্তি নিশ্চিতকরণ।	এই উদ্দেশ্যটি আংশিকভাবে অর্জিত হয়েছে মর্মে ধারণা করা যায়। কেননা সেক্টরাল উন্নয়ন পরিকল্পনা ও নীতিমালা অদ্যাবধি প্রণয়ন করা হয়নি। ফলে সেক্টরাল পলিসি প্ল্যান-এ 'জনসংখ্যা ও জেন্ডার' ইস্যুটি অন্তর্ভুক্ত করা সম্ভব হয়নি। তবে 'সরকারী খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন এ সংশোধন পদ্ধাত' নামক পরিপত্রের সংযোজনী-খ তে উল্লিখিত উন্নয়ন প্রকল্প ছক/প্রস্তাব(ডিপিপি)'র অংশ 'খ'-এর ১৫.৫-উপকারভোগীদের জেন্ডার বিভাজিত উপাত্ত এবং নারীদের জেন্ডার সংক্রান্ত তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে)। ১৫.৬- প্রকল্পের সুবিধাভোগী জনগোষ্ঠী। ২৪.৪- জেন্ডার, নারী ও শিশু অক্ষম/বঞ্চিত গোষ্ঠীর চাহিদা। ২৪.৯- আঞ্চলিক বৈষম্য। ২৪.১০- জনগোষ্ঠী ইত্যাদি বিধানগুলো সংযুক্ত করা হয়েছে। ফলে দেখা যায় যে, এ প্রকল্পের মাধ্যমে জাতীয় নীতিমালায় 'জনসংখ্যা ও জেন্ডার' বিষয়সমূহকে অন্তর্ভুক্ত করা হয়েছে।

১৪। **পরিদর্শন ও পর্যবেক্ষণ :**

১৪.১ প্রকল্পটির সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে আইএমইডি কর্তৃক গত ১৬/০৮/২০১৮ তারিখ ঢাকার আগারগাঁও-এ অবস্থিত পরিকল্পনা কমিশন চত্বরে প্রকল্পের আওতায় সম্পাদিত কার্যাবলী পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাদের সাথে আলোচনাপূর্বক তথ্য সংগ্রহ করা হয়।

১৪.২ প্রকল্পটির অঙ্গভিত্তিক ব্যয় পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্পের আওতায় Capacity Building on Integrated Appraisal of Population dynamics বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিপার্টমেন্ট অব সায়েন্স-এ ৮টি ব্যাচে বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। প্রকল্প দপ্তর হতে এই ৮টির মধ্যে ০৫টি প্রশিক্ষণের তথ্য পাওয়া গিয়েছে অপর ০৩টি পাওয়া যায়নি। এতে দেখা যায় যে, ০৫ প্রশিক্ষণে আর্থিক অবকাঠামো বিভাগের কর্মকর্তাগণসহ বিভিন্ন মন্ত্রণালয়ের সর্বমোট ১০০ জন কর্মকর্তা এই প্রশিক্ষণগুলোতে অংশগ্রহণ করেন।

১৪.৩ প্রকল্পের আওতায় পরিকল্পনা বিভাগের NEC সম্মেলন কক্ষে Enhancing the Capacity of SEI Division to Integrate Population and Gender Issues into Sectoral Planning Project বিষয়ে ০৫ জুন, ২০১৩ তারিখে Inception Workshop অনুষ্ঠিত হয় যেখানে প্রায় ১০০ জন কর্মকর্তা অংশগ্রহণ ও মতবিনিময় করেন। পিসিআর হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী প্রকল্প Training Orientations on Population Development & Gender Issues তে মোট ১২টি ব্যাচে প্রশিক্ষণ দেয়া হয়। তবে এ বিষয়ে কোন তথ্য পাওয়া যায়নি। পিসিআর পর্যালোচনায় দেখা যায় যে, ১৯.০৪ লক্ষ টাকা ব্যয়ে Policy Dialogues এবং Policy Dialogues-এর উপর Follow-up Consultant Meeting অনুষ্ঠিত হয়েছে। প্রকল্প দপ্তর হতে সর্বমোট কতটি Policy Dialogues অনুষ্ঠিত হয়েছে এ বিষয়ে কোন তথ্য পাওয়া যায়নি। তবে ০৮টি Policy Dialogues-এর তালিকা পাওয়া গিয়েছে। যা নিম্নে উল্লেখ করা হলো :

ক্রমিক নং	বিষয়	তারিখ	অংশগ্রহণকারীর সংখ্যা
১.	Women friendly working environment in Bangladesh : a Critical analysis	১২/০৭/২০১৫	৪৯ জন
২.	Elderly Population growth in Bangladesh : Preparedness public and private sector	২২/১১/২০১৫	৬৫ জন
৩.	Capturing demographic dividend in Bangladesh: Challenge and Opportunities.	১০/১২/২০১৫	৫৭ জন
৪.	Nursing and midwifery services in Bangladesh: a Strategy for better mental/reproductive health services.	১১/০৪/২০১৬	৭২ জন

ক্রমিক নং	বিষয়	তারিখ	অংশগ্রহণকারীর সংখ্যা
৫.	Exploring uncounted contribution of women in Bangladesh: barriers, Implication and Opportunities.	২৯/০৬/২০১৬	৬৬ জন
৬.	Youth Population in Bangladesh: Challenges and Prospects.	২১/০৯/২০১৬	৬১ জন
৭.	Ensuring women labor force Participation for achieving demographic dividend.	০৩/০২/২০১৪	৫৮ জন
৮.	Population redistribution and Migration Prospects and Challenges of Sustainable development.	২৬/০৬/২০১৪	৭০ জন

১৪.৪ প্রকল্পের আওতায় ফিলিপাইন ও ভিয়েতনামে মোট ০২টি Observation Visit অনুষ্ঠিত হয়। এর বিবরণ নিম্নে দেয়া হলো:

ক্রমিক নং	শিক্ষা সফর অনুষ্ঠানের তারিখ	দেশের নাম	অংশগ্রহণকারী কর্মকর্তার সংখ্যা
১.	০১ থেকে ০৫ ডিসেম্বর, ২০১৪	ফিলিপাইন	০৬ জন
২.	০৮ থেকে ১৪ সেপ্টেম্বর, ২০১৩	ভিয়েতনাম	০৪ জন

১৪.৫ পরিদর্শনে দেখা যায় যে, Policy Strategy এবং প্রকল্প দলিলে জনসংখ্যা ইস্যুটি Integrate করার নিমিত্তে আর্থ-সামাজিক অবকাঠামোর জন্য একটি Handbook প্রস্তুত করা হয়েছে। পিসিআর-এ উল্লিখিত Guidelines-এর বিষয়ে জিজ্ঞাসা করা হলে প্রকল্প পরিচালক জানান Guidelines এবং Handbook প্রকৃতপক্ষে একই জিনিস কেননা Guidelinesগুলোই Handbook হিসেবে ছাপানো হয়েছে। এছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের পপুলেশন সায়েন্স বিভাগ ও UNFPA-এর সহযোগিতায় প্রণীত পপুলেশন ডাটা শীটটিও দেখা হলো। এই ডাটা শীটে ২০১৫ সালে জনসংখ্যা পরিবর্তনের নিয়ামকসমূহ, লিঙ্গ, জেলা/বিভাগওয়ারী স্বাস্থ্য ও পুষ্টি, অর্থনীতি ও শ্রমশক্তি, খাদ্য ও কৃষি ইত্যাদির উপর ভিত্তি করে জনসংখ্যার বিভাজন দেখানো হয়েছে।

১৪.৬ পরিদর্শনে দেখা যায় যে, প্রকল্পের কার্যাবলী সম্পাদনের জন্য UNFPA-এ কর্তৃক একাধিক পরামর্শক নিয়োগ করা হয়েছিল। SEI Division-এর Capacity Assessment –এর নিমিত্ত ২ জনমাস-এর জন্য একজন পরামর্শক, Project Development Guidelines review করাসহ উন্নয়ন পরিকল্পনায় জনসংখ্যা ও জেন্ডার বিষয়সমূহকে অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে ৩ জনমাসের জন্য একজন পরামর্শক নিয়োগ করা হয়। এছাড়া ২ জনমাসের জন্য ১জন স্বল্পকালীন পরামর্শক ও পপুলেশন ডাটা শীট প্রণয়নের জন্য ০১ জন পরামর্শক কাজ করছেন।

১৪.৭ প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৩৫৬.৩৫ লক্ষ টাকার (জিওবি ৩০.৭৪ লক্ষ টাকা, প্র:সা: ৩২৫.৬১ লক্ষ টাকা)-এর বিপরীতে অর্থ ব্যয় হয়েছে ২০১.৯৩ লক্ষ টাকা। এ বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে, UNFPA-এ প্রকল্পের জন্য প্রতিশ্রুত অর্থ বরাদ্দ করতে না পারায় অর্থ ব্যয় কম হয়েছে। পিসিআর-এর ইমপ্লিমেন্টশেন পজিশন-এর ক্রমিক-২ এ উল্লেখ করা হয়েছে Fund Curtailed but all events completed-কিন্তু বাস্তবে দেখা যায় যে, ডিপিপিতে উল্লিখিত সকল কম্পোনেন্ট-এর কাজ করা হয়নি। কিছু কিছু কম্পোনেন্ট-এর কাজ বার্ষিক ক্রয় পরিকল্পনায় বাদ দেয়া হয়েছে। আবার কোন কোন কম্পোনেন্ট-এর ক্ষেত্রে উল্লেখ করা হয়েছে প্রয়োজন হয়নি। ফলশ্রুতিতে প্রকল্পের ঐ সকল কম্পোনেন্ট-এর কাজ হয়নি যেমন-Observation Visit ৩টির পরিবর্তে ২টি আয়োজন করা হয়েছে। Organizing cost and at Designating/host country, Post Project Approval Follow -up Meeting with local stakeholders, Sharing/Dissemination Workshop, End of the Year Evaluation Term Assessment , Project End Evaluation, Consultant for Preparation of

Standard Guidelines in the line with GOB's existing policies on population & Gender Issues. ইত্যাদি কম্পোনেন্টগুলোকে প্রয়োজন হয়নি বিধায় বাদ দেয়া হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে।

১৪.৮ প্রিন্টিং-এর ক্ষেত্রে প্রাক্কলিত ব্যয় ১৪.০০ লক্ষ টাকা উল্লেখ করা হলেও প্রকৃত ব্যয় হয়েছে মাত্র ৬,০০০ টাকা। পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্পের আওতায় অনুষ্ঠিত Policy Dialogues গুলো মুদ্রণ হয়নি বা বই আকারে সংরক্ষণ করা হয়নি; যা সাধারনত: এ জাতীয় অন্যান্য প্রকল্পের ক্ষেত্রে করা হয়ে থাকে যেমন-Strengthenging Capacity of the General Economic Division (GED) to Integrate Population Issues into Development Plans (1st revised) প্রকল্পে করা হয়েছে। প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা জনাব আমানত আলী জানান যে, তিনি জানান প্রিন্টিং খাতে ব্যয় কমানোর কারণে এই ডকুমেন্টগুলো ছাপিয়ে সংরক্ষণ করা সম্ভব হয়নি। পূর্বের অভিজ্ঞতার আলোকে ভবিষ্যতের কর্মপন্থা তৈরীর জন্য এই ডায়ালগসমূহ মুদ্রণ করে সংরক্ষণ করার প্রয়োজনীয়তা ছিল। সুতরাং দেখা যায় যে, UNFPA-এ কর্তৃক Fund Curtail করার কারণে প্রকল্পের অনেক গুরুত্বপূর্ণ কাজ সম্পাদন করা সম্ভব হয়নি।

১৫। সুপারিশ :

১৫.১ আলোচ্য প্রকল্পটির মাধ্যমে প্রকল্প অনুমোদন ও সংশোধন সংক্রান্ত পরিপত্রে 'জনসংখ্যা ও জেন্ডার' বিষয়টিকে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং উন্নয়ন নীতিমালার পরিকল্পনায় 'জনসংখ্যা ও জেন্ডার' বিষয়সমূহকে অন্তর্ভুক্তকরণের জন্য Handbook প্রস্তুত করা হয়েছে যা অত্যন্ত প্রশংসনীয় উদ্যোগ। তবে বাস্তব ক্ষেত্রে দেখা যায় যে, প্রকল্প ডিপিপি প্রণয়নের সময় সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক পরিপত্র অনুযায়ী 'জনসংখ্যা ও জেন্ডার' বিষয়টিক ইস্যুগুলোতে তথ্য প্রদান নিশ্চিত করা এবং Handbook-এর নির্দেশনা অনুসরণ করে কাজ করার জন্য পরিকল্পনা বিভাগ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের নির্দেশনা প্রদান করবে;

১৫.২ পরিদর্শনে দেখা যায় যে, UNFPA-এ অর্থ দিতে না পারায় প্রকল্পের অনেক গুরুত্বপূর্ণ কম্পোনেন্ট-এর কাজ করা সম্ভব হয়নি। বৈদেশিক সহায়তাপুষ্ট পরিকল্পনা বিভাগের এ সকল প্রকল্পের বৈদেশিক সহায়তা প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে পরিকল্পনা বিভাগ উদ্যোগ গ্রহণ করবে। প্রয়োজনে এ বিষয়ে ইআরডি'র সহায়তা গ্রহণ করবে।

১৫.৩ পরিদর্শনে দেখা যায় যে, প্রকল্পের আওতায় যে সকল সেমিনার/ওয়ার্কশপ/ট্রেনিং ইত্যাদি সম্পাদিত হয়েছে এ সংক্রান্ত তথ্যাদি সঠিকভাবে সংরক্ষণ করা হয়নি। এ বিষয়ে প্রতিবেদনের ১৪.২, ১৪.৩-এ বিস্তারিত বর্ণনা করা হয়েছে। প্রকল্পের শুরুতেই কর্মকর্তা/কর্মচারী নিয়োগের সময় প্রত্যেকের দায়িত্ব বন্টনপূর্বক একজন কর্মকর্তা/কর্মচারীকে প্রকল্পের তথ্যাদি যথাযথভাবে সংরক্ষণের দায়িত্ব দিয়ে অফিস আদেশ জারি করা যেতে পারে। তাহলে ভবিষ্যতে উক্ত কর্মকর্তা/কর্মচারীর সংগে যোগাযাগ করে প্রকল্পের তথ্যাদি সংগ্রহ করা সহজতর হবে। পরিকল্পনা বিভাগ এ বিষয়ে প্রকল্প পরিচালকগণকে নির্দেশনা প্রদান করবে।

১৫.৪ প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) এ অংশ D-তে achievement of objectives of the project অংশে প্রকল্পের যে উদ্দেশ্যাবলী বর্ণনা করা হয়েছে তা সাথে যা TAPP/RTPP তে বর্ণিত উদ্দেশ্যসমূহের কোন সামঞ্জস্য নেই। এ ছাড়া প্রকল্প পরিচালকদের তথ্য প্রদানের ক্ষেত্রে (অংশ বি,ক্রমিক-৬) সর্বশেষ প্রকল্প পরিচালকের নাম ভুল করা হয়েছে। এমতাবস্থায়, প্রকল্পের সমাপ্তি প্রতিবেদনের সঠিক মূল্যায়নের স্বার্থে নির্ভুল তথ্য সম্বলিত পিসিআর প্রেরণের জন্য পরিকল্পনা বিভাগ ব্যবস্থা গ্রহণ করবে।

১৫.৫ সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ২ মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করার জন্য পরিকল্পনা বিভাগকে অনুরোধ করা হলো।

Support to Sustainable and Inclusive Planning (SSIP) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : জুন, ২০১৭)

১।	প্রকল্পের নাম	:	Support to Sustainable and Inclusive Planning (SSIP)
২।	মন্ত্রণালয়/বিভাগ	:	পরিকল্পনা বিভাগ এবং UNDP (United Nations Development Programme.
৩।	বাস্তবায়নকারী সংস্থা	:	পরিকল্পনা কমিশন এর সাধারণ অর্থনীতি বিভাগ।
৪।	প্রকল্পের অবস্থান	:	পরিকল্পনা মন্ত্রণালয় চত্বর ,শেরে বাংলা নগর, ঢাকা।

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ (লক্ষ টাকায়)

মুল	সর্বশেষ সংশোধিত	প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয়	অতিক্রান্ত সময়
মোট টাকা প্রকল্প সাঃ	মোট টাকা প্রকল্প সাঃ	মোট টাকা প্র: সা:	মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২২৩৬.২০ ১৩৮.০০ ২০৯৮.২০	১৬৭৬.৩৭ ১০৩.৪৫ ১৫৭২.৯২	১৮৩০.০৮ ৪১.৩০ ১৭৮৮.৭৮	জুলাই,২০১৩ হতে ডিসেম্বর, ২০১৬	জুলাই, ২০১৩ হতে ডিসেম্বর, ২০১৭	জুলাই, ২০১৩ হতে জুন, ২০১৭	প্রযোজ্য নয়	১৪.২৮%

৬. **প্রকল্পের পটভূমি ও উদ্দেশ্য:**

৬.১ **প্রকল্পের পটভূমি:** সরকার পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগকে জতীয় দরিদ্র ফোকাল পয়েন্ট (NPET) হিসেবে দারিদ্র নিরসন কৌশলপত্র (PRSP), প্রেক্ষিত পরিকল্পনা (Perspective Plan) ও পঞ্চবার্ষিক পরিকল্পনা (Five Year Plan) প্রণয়ন, সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য (MDG) এবং টেকসই উন্নয়ন লক্ষ্য (SDG) পরিবীক্ষণ ও মূল্যায়নের দায়িত্ব অর্পন করেছে। বাংলাদেশ সরকার এবং ইউএসডিসি’র আর্থিক ও কারিগরী সহায়তায় বাস্তবায়িত “Support to Monitoring PRS and MDGS in Bangladesh” এবং Poverty Environmental and Climate Management Mainstreaming” শীর্ষক প্রকল্পদ্বয়ের আওতায় পরিচালিত কার্যক্রমের ধারাবহিকতা রক্ষার্থে আলোচ্য প্রকল্পটি প্রণয়ন ও তার বাস্তবায়ন এবং টেকসই ও সমন্বিত পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে সক্ষমতা বৃদ্ধি করার জন্য কারগরী সামর্থ অর্জনের লক্ষ্যে ইউএনডিপি’র অনুদান সহায়তায় প্রকল্পটি গ্রহণ করা।

৬.২ **প্রকল্পের উদ্দেশ্য:** প্রকল্পটির মূল্য উদ্দেশ্য হলো পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থিনীতি বিভাগের পাশাপশি অর্থনৈতিক নীতি নির্ধারণী কর্মযজ্ঞে জড়িত অন্যান্য সংশ্লিষ্ট কেন্দ্রীয় সরকারী প্রতিষ্ঠানসমূহ যথা: অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর নীতি প্রণয়ন ও কারিগরী সক্ষমতা শক্তিশালীকরণ। প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ হলো:

(১) দারিদ্র বান্ধব অর্থনৈতিক নীতিমালা প্রণয়ন ও তার বাস্তবায়ন;

(২) টেকসই এবং সমন্বিত পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে সক্ষমতা বৃদ্ধি করা;

(৩) সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য (এমডিজি) পরিবীক্ষণ ও মূল্যায়নের পাশপাশি ২০১৫ পরবর্তী উন্নয়ন কাঠামো (এসডিজি) প্রণয়নে সরকারকে সহায়তা করা।

৭. **প্রকল্পের মূল কার্যক্রম:**

(১) দারিদ্র বান্ধব অর্থনৈতিক নীতিমালা প্রণয়ন করা ও তার বাস্তবায়ন;

(২) টেকসই এবং সমন্বিত পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে সক্ষমতা বৃদ্ধিকরণ;

(৩) সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যে (এমডিজি) পরিবীক্ষণ ও মুল্যায়নের পাশপাশি ২০১৫ পরবর্তী উন্নয়ন কাঠামো (এসডিজি) প্রণয়ন।

৮. প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন:

(লক্ষ টাকায়)

ক্র: নং	টিপিপি অনুযায়ী অঙ্গের নাম	একক	টিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		মন্তব্য
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	
Revenue: (GOB+UNDP)							
১.	Support Personal (Maintenance Engineer-1)	১০জন	২.৮৫	০১	২.৮৫	০১	
২.	Support Personal (office Assistant-cum-computer Typist-2, MLLS-3)	সংখ্যা	৩.৩৫	০২	২.৭৮	০২	
৩.	House Rent, Medical Allowance, Dearness Allowance, Festival Tiffin, Gratuity & others	সংখ্যা	৬.৯৭	০৩	৬.০১	০৩	
৪.	Charge Allowance	থোক	১১.০২	থোক	১০.৭৯	থোক	
৫.	Telephone Bill (Fax, PABX & Internet.)	থোক	১.২০	থোক	১২.৩৩	থোক	
৬.	2Car & 2 Microbus fitness, Tax-Token, Insurance Renewal	সংখ্যা	২.০১	০৪	১.৫৩	০৪	
৭.	Fuel	সংখ্যা	৩৪.৪৯	০৪	৫.৬৬	০৪	
৮.	Printing and Publication	থোক	৬৩.৩৪	থোক	৪৩.০৭	থোক	
৯.	Stationary, Seal & Stamps	থোক	৩৭.৫৫	থোক	২৬.১২	থোক	
১০.	Books, Papers & Journals	থোক	১.০০	থোক	০.০০	থোক	
১১.	Publicity & Advertisement	--	১০.৫০	০.০০	৫.৭৬	০.০০	
১২.	Training (Masters Degree)	থোক	০.০০	থোক	০.০০	থোক	
১৩.	Training & Short Course	--	৪০.০৭	০.০০	০.০০	০.০০	
১৪.	Post Graduate & Diploma	--	০.০০	০.০০	০.০০	০.০০	
১৫.	Study tour/Foreign Training	থোক	৪৪.৬৮	থোক	১৩.৬৭	থোক	
১৬.	Workshop/ Seminar/ Conference/ Meeting	থোক	১০৭.৪০	থোক	১৯৮.০৩	থোক	
১৭.	Entertainment/ Refreshment Expenses	থোক	১১.০০	থোক	০.২৫	থোক	
১৮.	Casual Labour	থোক	০.০০	থোক	০.০০	থোক	
১৯.	Honorarium/ Fees	থোক	০.০০	থোক	০.০০	থোক	
২০.	Committee Meeting/Commission	থোক	২.৪৬	থোক	১.৫২	থোক	
২১.	Miscellaneous	সংখ্যা	২১.০০	০৪	২৯.৩৩	০৪	
২২.	Motor Vehicles	সংখ্যা	৫০.৩৭	০৪	৬৪.১৫	০৪	
২৩.	Furniture	থোক	১.৩৯	থোক	০.০০	থোক	
২৪.	Computer & Office Accessories	থোক	৭.৪৫	থোক	০.০০	থোক	
২৫.	Other Equipment Maintenance	থোক	৭.৭৮	থোক	২.৭৮	থোক	
২৬.	Renovation & Office Decoration	থোক	১৮.৪৩	থোক	১০.২১	থোক	
Revenue: (GOB+UNDP)							
২৭.	Personal (International)	--	০.০০	০.০০	০.০০	০.০০	
২৮.	Project Staff (National)	সংখ্যা	২৩৫.৪৪	১১	২৬২.৭৫	১১	
২৯.	Mobile & Internet Allowance	থোক	৮.২৫	থোক	১০.৫১	থোক	
৩০.	Travel Allowance/ Cost (Local)	থোক	১২.১৬	থোক	২২.৬৫	থোক	

ক্র: নং	টিপিপি অনুযায়ী অঙ্গের নাম	একক	টিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		মন্তব্য
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	
৩১.	Consultant (International) Economist	সংখ্যা	১৪০.০৫	০১	১১৫.২২	০১	
৩২.	Specialist/ Professionals/Co-coordinator/PM (National)	সংখ্যা	৩৯১.৯৯	০৭	৬২২.৩১	০৭	
৩৩.	Specialist/ Professionals/ Lead Provider for Capacity building/ Lecture series	থোক	১৯.৭৫	থোক	২৪.৮৪	থোক	
৩৪.	Sub-contact with lead Provider for Capacity building	থোক	৯২.৫০	থোক	১২৯.৬৮	থোক	
৩৫.	Survey/ Study support/ Research	থোক	২০১.১৮	থোক	১৪১.০৪	থোক	
৩৬.	Launching event	থোক	২৪.৪১	থোক	০.০০	থোক	
Capital Component: (GOB+UNDP)							
৩৭.	Commuter & Accessories (Hardware, Software, SMS& E-library, Data Repository, Wi-Fi)	থোক	৩৪.৬৭	থোক	৪৪.২৯	থোক	
৩৮.	Office Equipment	থোক	১৬.৬০	থোক	১৪.০৩	থোক	
৩৯.	Computer & Accessories (Hardware, Software SMS & E –library, Data Repository, Wi-Fi, Modem etc.	থোক	০.০০	থোক	৫.৯৩	থোক	
৪০.	Furniture (Work Station & Others)	--	৬.১৭	০.০০	০.০০	০.০০	
৪১.	PABX & Fax Installation (1+1)	থোক	০.০০	থোক	০.০০	থোক	
৪২.	Electric & Electronic equipment	থোক	৩.০০	থোক	০.০০	থোক	
৪৩.	Crockery	থোক	০.০০	থোক	০.০০	থোক	
৪৪.	In Kind Contribution of GOB	থোক	৩.৮৮	থোক	০.০০	থোক	
	Total:		১,৬৭৬.৩৭		১,৮৩০.০৮		

৯. **প্রকল্পের অনুমোদন ও সংশোধন সংক্রান্ত:**

প্রকল্পটি মোট ২২২৩৬.২০ লক্ষ টাকা (জিওবি ১৩৮.০০ লক্ষ টাকা এবং প্র: সা: ২০৯৮.২০ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৩ হতে ডিসেম্বর, ২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০৭/০১/২০১৩ তারিখে পরিকল্পনা মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদিত হয়। এই প্রকল্পটির আর্থিক ও কারিগরী সহায়াতার মাধ্যমে সাধারণ অর্থনীতি বিভাগ কর্তৃক 'টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি)' সম্পর্কিত বিভিন্ন প্রাথমিক কার্যক্রম সম্পাদিত হয়। ফলে প্রকল্প সমাপ্তির নির্ধারিত সময় আর্থাৎ ডিসেম্বর, ২০১৬ তে প্রকল্পটি শেষ হলে, সাধারণ অর্থনীতি বিভাগ এর পক্ষে এসডিজি সম্পর্কিত ভবিষ্যত কার্যাবলী সম্পাদন কঠিন হতে পারে মর্মে ধারণা করা হয়। সার্বিকভাবে প্রকল্পের আনুষ্ঠানিক কার্যক্রম নির্ধারিত সময়ের অনেক পরে (প্রায় এক বছর) আরম্ভ হওয়ায়, ইউএনডিপি প্রতিশ্রুতি অর্থের চেয়ে কম অর্থ বরাদ্দ দেয়ায় এবং প্রকল্পের আওতায় নির্ধারিত কিছু কাজ সম্পন্ন না হওয়ায় এবং চলমান প্রকল্প ও ভবিষ্যত উত্তরসূরী প্রকল্পের মধ্যে কার্যক্রমের ধারাবাহিকতা রক্ষায় সমন্বয় সাধনের লক্ষ্যে প্রকল্প সংশোধন করে প্রকল্পের মেয়াদ জুন, ২০১৭ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

১০. বছরভিত্তিক এডিপি বরাদ্দ : ও ব্যয় অবমুক্তি (পিসিআর হতে প্রাপ্ত তথ্যানুযায়ী):

(লক্ষ টাকায়)

অর্থ বছর	এডিপি বরাদ্দ				অবমুক্তি	ব্যয়			
	মোট	টাকা	প্র: সা:	বাস্তব (%)		মোট	টাকা	প্র: সা:	বাস্তব (%)
২০১৩-১৪	৬৫৪.০০	২.০০	৬৫২.০০	১০০ %	০.০০	৮৪.০৬	০.০০	৮৪.০৬	১২.৮৫ %
২০১৪-১৫	৫৩৪.০০	১৪.০০	৫২০.০০	১০০ %	৮.৫০	৫২৪.১১	৪.১১	৫২০.০০	৯৮.১৫ %
২০১৫-১৬	৫৯২.০০	২৭.০০	৫৬৫.০০	১০০ %	১৪.২৫	৫৭৭.০৭	১২.০৭	৫৬৫.০০	৯৭.৪৮ %
২০১৬-১৭	৬৩০.০০	৮৪.০০	৫৪৬.০০	১০০ %	২৮.০০	৪৯০.৭৬	২৫.১৪	৪৬৫.৬২	৭৭.৯০ %

১১. **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

ক্র: নং	কর্মকর্তার নাম ও পদবী	দায়িত্ব পালনের সময়কাল
১	জনাব খন্দকার আহসান হোসেন যুগ্ম-প্রধান	১৩/০৪/২০১৪ হতে ০৬/০৮/২০১৪
২	জনাব নকিব বিন মাহবুব প্রধান	০৭/০৮/২০১৪ হতে ৩০/০৬/২০১৭

১২. প্রকল্পের মূল্যায়ন পদ্ধতি: প্রকল্পটি সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের জন্য প্রকল্পটি সম্পর্কে আইএমইডি'র পর্যবেক্ষণ প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করা হয়:

(ক) প্রকল্পের অনুমোদিত ডিপিপি, নথি ও পিসিআর পর্যালোচনা;
(খ) প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শনে প্রাপ্ত তথ্য;
(গ) প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শনের সময় প্রকল্প সংশ্লিষ্টদের সাথে আলোচনা;
(ঘ) প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের নিমিত্ত প্রত্যাশী সংস্থার বর্তমান কার্যক্রম পর্যালোচনা।

১৩. প্রকল্পের পরিকল্পিত উদ্দেশ্য ও অর্জন:

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
(১) দারিদ্র বান্ধব অর্থনৈতিক নীতিমালা প্রণয়ন ও তার বাস্তবায়ন;	আলোচ্য প্রকল্পের মাধ্যমে " Introduction to Macroeconomics with application to Bangladesh Economy" নামক একটি ম্যাক্রো ইকোনোমিক ম্যানুয়াল প্রস্তুত করা হয়েছে। ১৩ টি চ্যাপ্টারের এই ম্যানুয়েল এর মাধ্যমে বাংলাদেশের প্রেক্ষাপটে ম্যাক্রো ইকোনোমিক ইস্যুগুলোর উপর আলোকপাত করা হয়েছে। এর মাধ্যমে ভবিষ্যত জাতীয় নীতিমালা প্রণয়ন সহজ হবে। এছাড়া ব্যাংকিং সার্ভিসের মাধ্যমে দারিদ্র দূরীকরণ বিষয়ে গবেষণা করা হয়েছে। ৭ম বার্ষিক পরিকল্পনা তৈরীর জন্য প্রয়োজনীয় ব্যাকগ্রাউন্ড স্টাডি পরিচালনায় সহায়তা প্রদান করা হয়েছে। এই প্রকল্পের ২ জন কর্মকর্তা ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নে সরাসরি যুক্ত থেকে কাজ করেন। সুতরাং দেখা যায় যে, এ প্রকল্পের মাধ্যমে দরিদ্র বান্ধব অর্থনৈতিক নীতিমালা প্রণয়নে সহায়তা করা হয়েছে।
(২) টেকসই এবং সমন্বিত পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে সক্ষমতা বৃদ্ধি করা;	আলোচ্য প্রকল্পের মাধ্যমে জিইডি সহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ সমূহের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সেমিনার/ ওয়ার্কশপ/ ট্রেনিং ইত্যাদির আয়োজন করা হয়। জাতীয় উন্নয়ন কর্মসূচী এবং প্রকল্প সমূহ প্রণয়ন ও রিভিশন- শীর্ষক প্রশিক্ষনের মাধ্যমে ২১০ জন Public Planner কে অর্ন্তভুক্ত করা হয়। ফলে এ সকল কর্মকর্তাগণ Environment Poverty এবং Climate nexus এর আলোকে প্রকল্প সমূহের পরীক্ষা ও নিরীক্ষা করার দক্ষতা অর্জন করেন। এছাড়া প্রকল্পের মাধ্যমে "Environment and Climate change policy gap analysis in the Haor areas" শীর্ষক কর্মশালার মাধ্যমে অংশগ্রহণকারীগণ বিশাল এবং সমৃদ্ধশালী জলাভূমির উপর নির্ভরশীল দরিদ্র জনগোষ্ঠীর জীবীকায়নের সাথে সাথে কিভাবে জীববৈচিত্র রক্ষা করা যায়-এ সম্পর্কে ধারনা অর্জন করেন। তবে Capacity building বিষয়টি সহজে পরিমাপযোগ্য নয় বিধায় এ প্রকল্পের মাধ্যমে কর্মকর্তাদের দক্ষতা কতটা বৃদ্ধি পেয়েছে এ সম্পর্কে ধারণা অর্জন করতে হলে গবেষণার প্রয়োজন রয়েছে।
(৩) সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য (এসডিজি) পরিবীক্ষণ ও মূল্যায়নের পাশাপাশি ২০১৫ পরবর্তী উন্নয়ন কাঠামো (এসডিজি) প্রণয়নে সরকারকে সহায়তা করা।	এ প্রকল্পটি এমডিজি Progress Report ২০১৩ ২০১৫ এবং MDG End Evaluation Report প্রণয়নে GED কে গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করে। এছাড়া SDG ও ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার মধ্যে সামঞ্জস্য ও সংযোগ রক্ষার লক্ষ্যে 'Integration of SDGS into the 7FYP' নামক প্রতিবেদন প্রকাশ করে। SDG এর ১৬৯ টি লক্ষ্যমাত্রা এবং ২৩২ টি নির্দেশক অনুযায়ী মন্ত্রণালয়/ বিভাগসমূহের SDG Map তৈরী SDG মনিটরিং এ Data Gap Analysis, SDG এর অর্থায়ন কৌশল এবং Bangladesh Voluntary National Review 2017 প্রণয়ন সাধারণ অর্থনৈতিক বিভাগকে সহায়াতা করে। সার্বিক পর্যালোচনায় দেখা যায় যে, এপ্রকল্পের মাধ্যমে MDG এর বাস্তবায়ন ও পরিবীক্ষণ করাসহ SDG কাঠামো প্রণয়নে সার্বিক সহায়তা প্রদান করা প্রয়োজন।

১৪. **পরিদর্শন ও পর্যবেক্ষণ:**

১৪.১ প্রকল্পের অঙ্গভিত্তিক ব্যয় ও কার্যক্রম পর্যালোচনায় দেখা যায় যে, মুদ্রন ও প্রকাশনা খাতে ৬৩.৩৪ লক্ষ টাকার বিপরীতে ব্যয় হয়েছে ৪৩.০৭ লক্ষ টাকা। প্রকল্প দপ্তর হতে প্রাপ্ত তথ্যানুযায়ী নিম্নবর্ণিত ডকুমেন্টগুলো মুদ্রন করে সংরক্ষণ করা হয়েছে:

১। SDG Data Gape Analysis
২। Environment and Climate Change policy gap analysis in the Hoar areas
৩। MDG Progress Report 2012
৪। MDG Progress Report 2013
৫। SAARC Development Goals: Bangladesh Progress Report-2013
৬। UNGA Booklet-2014
৭। UNGA Booklet-2015
৮। UNGA Booklet-2016
৯। Transforming our World
১০। Workshop Report
১১। Annual Report
১২। MDG Report-2016
১৩। SDG's Mapping
১৪। Banking ATLAS Book

১৪.২ প্রকল্পের টিপিপিতে প্রশিক্ষণ (মাস্টার্স ডিগ্রী) ও পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা কম্পোনেন্ট অন্তর্ভুক্ত থাকলেও তা অনুষ্ঠিত হয়নি। এ বিষয়ে প্রকল্পের পর DPD জানান, UNDP হতে অর্থ বরাদ্দ না পাওয়ায় প্রশিক্ষণ (মাস্টার্স ডিগ্রী) ও পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা কোর্স অনুষ্ঠান করা সম্ভব হয়নি। তবে, প্রকল্পের আওতায় নিম্নবর্ণিত স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণের আয়োজন করা হয়:

স্থানীয় প্রশিক্ষণ:

ক্রমিক নং	প্রশিক্ষণের নাম	অংশগ্রহণকরীর সংখ্যা	স্থান
১	Meeting Proverty	২০ জন	
২	Mainstreaming Environmental Climate and Disaster Risk Reduction into development Plans	২১০ জন	NAPD
৩	National Income Account	২০ জন	BRAC Institute of Government and Development
৪	Implementation of National Plans and SDGS: Project identification Design	৩০ জন	BIGD

বৈদেশিক প্রশিক্ষণ:

ক্রমিক নং	প্রশিক্ষণের নাম	অংশগ্রহণকরীর সংখ্যা	দেশের নাম	তারখ
১	Understanding Chinas Economic Miracle: Lessons	১৪ জন	চীন	২৬-৩১ অক্টোবর

ক্রমিক নং	প্রশিক্ষণের নাম	অংশগ্রহণকরীর সংখ্যা	দেশের নাম	তারখ
	for Bangladesh Industrial Policies for structural transformation of their economics			
২	Multidimensional Poverty Index (MPI)	০২ জন	যুক্তরাজ্য ও চীন	০১-১৩ আগষ্ট

১৪.৩ PCR পর্যালোচনায় দেখা যায় যে, ১৯৮.০৩ লক্ষ টাকা ব্যয়ে ওয়ার্কশপ/ সেমিনার/ কনফারেন্স/ সভা ইত্যাদির আয়োজন করা হয়েছে, তবে প্রকল্প দপ্তর হতে এ বিষয়ে কোন সুনির্দিষ্ট তথ্য বা তালিকা পাওয়া যায়নি। প্রকল্পের আওতায় মোট ২টি কার ও ০২ টি মাইক্রোবাস ক্রয় করা হয়। ডিপিডি জানান যে, ১ টি কার ও ১টি মাইক্রোবাস Engaging with Institution (EI) প্রকল্পে হস্তান্তর করা হয় এবং অপর ১ টি কার, ১ টি মাইক্রোবাস ও অন্যান্য আসবাবপত্র সাধারণ অর্থনীতি বিভাগ হস্তান্তর করা হয়েছে।

১৪.৪ প্রকল্পের আওতায় ১ জন বৈদেশিক পরামর্শক ও ৭ জন দেশীয় পরামর্শক কাজ করছেন। এছাড়া Sub-contract component এর আওতায় ৮ জন ব্যাক্তি ও Sub-contract (Institution) এর আওতায় Bangladesh Beauru of Statistics (BBS), BIGD (Brac Institute of Governance Development) এবং NAPD (National Academy for Planning and Development) এর সাথে চুক্তি করা হয়। TPP তে উল্লিখিত Sub-contract (ব্যাক্তি) কম্পোনেন্টটিকে PCR এ Specialist/ Professional/ Lead provider for Capacity building/ Lecture services হিসেবে বর্ণনা করা হয়েছে। প্রকল্প দপ্তর হতে প্রাপ্ত তথ্য হতে দেখা যায় যে, Environment adviser, Planning specialist, Communication and advocacy specialist, Monitoring & Evaluation specialist এবং Knowledge management & Research Coordination পদে Consultant গণ কাজ করেছেন। আবার একই পদে Sub-contract (Person) হিসেবেও জনবল নিয়োগ দেয়া হয়েছে। একই পদে দুইজন Specialist/ Consultant কাজ করার বিষয়ে TPP তে কোন কিছু উল্লেখ ছিল না। এছাড়া Revised TPP তে Subcontract বিষয়টিকে সম্পর্কে কোন প্রদান করা হয়নি। এতে ধানণা করা যায় যে, কত জন Specialist/ Consultant কাজ করেছেন এ বিষয়ে প্রকল্প দপ্তর যথাযথভাবে তথ্য সংরক্ষণ করা হয়নি।

১৪.৫ প্রকল্পের আওতায় নিম্নবর্ণিত Survey/ Research/ Stady পরিচালনা করা যায়। যার তথ্য নিম্নে বর্ণনা করা হলো:-

১। Capital and Financial Market development
২। Infrastructure Development Strategy
৩। Strategy for Adaptation to Climate Change
৪। Environment
৫। Evaluation Governance and public Institution
৬। Strategy for Local Governments
৭। Strategy for Food Security and Nutrition
৮। Lagging Regions Study
৯। Gender Equality and Women Empowerment
১০। Agriculture Sector Development Strategy focusing on Animal

husbandry/ Livestock, Fisheries and Forestry
১১। Achieving Digital Bangladesh by 2021 and beyond
১২। Opportunities and Strategies of Ocean and Water Resources management
১৩। South –South Cooperation in the regional context
১৪। Health and Population Strategy
১৫। Demographic Impact
১৬। Nutrition

১৪.৬ প্রকল্পের ক্রয় পরিকল্পনা পর্যালোচনায় দেখা যায় যে, অফিস ডেকোরেশন এর কাজটি ব্যতীত ক্রয় পরিকল্পানাধীন অন্যান্য সকল কাজ UNDP এর NIM Modality সম্পাদন করা হয়েছে। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও প্রকৃত ব্যয় পর্যালোচনায় দেখা যায় যে, প্রাক্কলিত ব্যয় ১৬৭৬.৩৭ লক্ষ টাকা হলেও প্রকৃত ব্যয় হলো ১৮৩০.০৮ লক্ষ টাকা, অর্থাৎ DPP তে উল্লেখিত প্রক্কলিত ব্যয়ের তুলনায় প্রায় ৯.১৬ % অর্থ বেশী ব্যয় করা হয়েছে। এ বিষয়ে প্রকল্প সংশ্লিষ্ট UNDP এর কর্মকর্তা জানান, UNDP হতে প্রাপ্ত তহবিল দুই ভাবে : National Implementation Modality (NIM) এবং Direct Implementation Modality (DIM) এর মাধ্যমে অর্থ ব্যয় করা হয়েছে। NIM Modality তে National Execution Manual (NEX) অনুযায়ী ব্যয় নির্বাহ করা হয়েছে। তিনি জানান DIM খাতে ব্যয়ন তথ্যের হেরফের এর কারণে প্রকৃত প্রকল্প সাহায্য এবং সংশোধিত টিএপিপি তে উল্লিখিত প্রকল্প সাহায্য পরিমানের মধ্যে তারতম্যের ফলে ২১৯.২৩ লক্ষ টাকা অতিরিক্ত ব্যয় করা হয়েছে, যা প্রকল্প সমাপ্তির পর GED এর নজরে আসে। উল্লেখ্য যে, প্রতিবছর অডিট সম্পাদিত হওয়া সত্বেও অতিরিক্ত ব্যয় এর বিষয়টি নজরে আসে নাই।

১৫. সুপারিশ:

১৫.১ পরিদর্শনে দেখা যায় যে, প্রকল্পটির পশ্রিক্ষণ কনসালটেন্ট ও Sub-contract এ নিয়োজিত স্পেশালিস্টদের তথ্যাদি যথাযথ ভাবে সংরক্ষণ করা হয়নি। ফলে এ সকল বিষয়ে সার্বিক ধারণা পাওয়া সম্ভব হয়নি। এক্ষেত্রে প্রকল্পের শুরুতেই কর্মকর্তা/কর্মচারীদের কর্মবন্টনের সময় প্রকল্পের একজন কর্মকর্তা কর্মচারীকে প্রকল্পের তথ্য সংরক্ষণের দায়িত্ব দেয়া যায়। পরিকল্পনা বিভাগ প্রকল্প পরিচালকদের এ বিষয়ে নির্দেশনা দিয়ে পত্র প্রেরণ করতে পারেন।

১৫.২ বৈদেশিক সহায়তাপুষ্ট অধিকাংশ প্রকল্পেই প্রতিশ্রুতি পরিমাণ বৈদেশিক সাহায়তা না পাওয়ায় প্রকল্পের সকল কর্যাবলী সম্পাদন করা সম্ভব হয় না। যেমন এ প্রকল্পের ক্ষেত্রে UNDP এর বাজেট সল্পতার কারণে বৈদেশিক মাস্টার্স প্রোগ্রাম, ডিপ্লোমা কোর্স ইত্যাদি প্রকল্প সংশোধনের সময় বাদ দেয়া হয়েছে। এতে ধারণা করা যায় যে, প্রকল্প হতে উদ্দীষ্ট সুফলও পাওয়া যাচ্ছে না। বাজেট প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে পরিকল্পনা বিভাগ ERD এর সহায়তায় ব্যবস্থা গ্রহন করবে।

১৫.৩ পরিদর্শনে দেখা যায় যে, UNDP এর NIM, NEX, DEX ইত্যাদি modality তে অর্থ ব্যয় করা হয়েছে। যথাযথ ভাবে হিসাব না করায় প্রকল্প শেষে প্রাক্কলিত ব্যয় ও প্রকৃত ব্যয়ের মধ্যে তারতম্য দেখা যায়। এমতাবস্থাবয়, প্রকল্পের খরচ সমূহের হিসাব সুস্পষ্ট ভাবে প্রকল্প দপ্তরে সংরক্ষণের বিষয়ে পরিকল্পনা বিভাগ প্রকল্প পরিচালকদের নির্দেশনা প্রদান করবেন।

১৫.৪ সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ২ মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করার জন্য পরিকল্পনা বিভাগকে অনুরোধ করা হলো।

পরিকল্পনা কমিশন চত্বরে (৫×২০) ১০০ KWP সোলার সিস্টেম সরবরাহ ও স্থাপন শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত ৩০ জুন,২০১৭)

১. প্রকল্পের নাম: পরিকল্পনা কমিশন চত্বরে (৫×২০) ১০০ KWP সোলার সিস্টেম সরবরাহ ও স্থাপন শীর্ষক বিনিময় প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

২. মন্ত্রণালয়/বিভাগ : পরিকল্পনা মন্ত্রণালয়

৩. বাস্তবায়নকারী সংস্থা : পরিকল্পনা বিভাগ

৪. প্রকল্পেরে ধরন : পরিকল্পনা মন্ত্রণালয় চত্বর

৫. প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:

(লক্ষ টাকায়)

মূল মোট টাকা	সর্বশেষ সংশোধিত	প্রকৃত ব্যয় মোট টাকা	পরিকল্পিত মূল	বাস্তবায়নকাল (সর্বশেষ সংশোধিত)	প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয়	অতিক্রান্ত সময়
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৯৯.৮১ ১৯৯.৮১	--	১৯৫.৬৩ ১৯৫.৬৩	১৯৯.৮১	জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৭	জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৭	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়

৬. সাধারণ পর্যবেক্ষণ:

৬.১ প্রকল্পের পটভূমি: বিগত ০৯/১২/২০১৫ খ্রি: তারিখে পরিকল্পনা বিভাগে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় পরিকল্পনা কমিশন চত্বরে সৌর বিদ্যুৎ স্থাপন করার বিষয়ে গৃহীত হয়। এ প্রেক্ষিতে পরিকল্পনা কমিশন চত্বরে সৌর বিদ্যুৎ স্থাপনের লক্ষ্যে প্রতিটি ব্লকে 5KWP করে মোট ২০ টি ব্লকে 100 KWP on Grid System সৌর বিদ্যুৎ স্থাপন করার নিমিত্ত প্রকল্পটি গ্রহণ করা হয়।

৬.২ প্রকল্পের উদ্দেশ্য:

- ভোল্টেজের উঠা-নামা হতে সকল ইলেক্ট্রিক্যাল ইক্যুইপমেন্ট রক্ষা করা;
- সার্বক্ষণিক বিদ্যুতের সরবরাহ নিশ্চিত করা;
- বিদ্যুতের চাহিদা পূরণ করা;
- সরাসরি সরবরাহকৃত বিদ্যুতের চাহিদা হ্রাস করা;
- নবায়নযোগ্য জ্বালানীর যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ।

৭. প্রকল্পের প্রধান কার্যক্রম: পরিকল্পনা মন্ত্রণালয়ের প্রতিটি ভবনে ৫ কিলো-ওয়াট করে মোট ২০ টি ভবনে (৫×২০)= ১০০ কিলো-ওয়াট on Grid System সৌর বিদ্যুৎ স্থাপন।

৮. **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন:**

(লক্ষ টাকায়)

ক্র: নং	ডিপিপি অনুযায়ী অঙ্গের নাম	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		মন্তব্য
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	
১	Supply & installation of Solar Panel in different building in Planning commission (sub-Head-block no-1/2/3/4)	থোক	৩৮.২০	--	৩৮.২০	--	--
২	Supply & installation of Solar Panel in different building in Planning commission (sub-	থোক	৩৮.২৫	--	৩৮.২৫	--	--

ক্র: নং	ডিপিপি অনুযায়ী অঙ্গের নাম	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		মন্তব্য
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	
	Head-block no-5/6/7/8)						
৩	Supply & installation of Solar Panel in different building in Planning commission (sub-Head-block no-9/10/11/12)	থোক	৩৮.১৬	--	৩৮.১৬	--	--
৪	Supply & installation of Solar Panel in different building in Planning commission (sub-Head-block no-13/14/15/16)	থোক	৩৮.২৩	--	৩৮.২৩	--	--
৫	Supply & installation of Solar Panel in different building in Planning commission (sub-Head-block no-17/18/NECI 1,2)	থোক	৩৮.২০	--	৩৮.২০	--	--
৬	Work Contingency Cost	থোক	০৮.৭৭	--	--	--	--
	মোট:		১৯৯.৮১	--	১৯৫.৬৩	--	--

৯. **প্রকল্পের অনুমোদন ও সংশোধন সংক্রান্ত:**

প্রকল্পটির উপর গত ০৪/০২/২০১৬ তরিখে পিইসি সভা অনুষ্ঠিত হয় এবং ২১/০৬/২০১৬ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক প্রকল্পটি অনুমোদিত হয়। পিইসি সভার সুপারিশের আলোকে পুনর্গঠিত ডিপিপি ১৯৯.৮১ লক্ষ টাকা প্রক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৭ পর্যন্ত মেয়াদ বাস্তবায়নের লক্ষ্যে ০২/০৮/২০১৬ তারিখে অনুমোদিত হয়। নির্ধরিত ব্যয় ও মেয়াদকালের মধ্যে প্রকল্পটির বাস্তবায়ন সম্পন্ন হয় ফলে প্রকল্পটি সংশোধনের কোন প্রয়োজন হয়নি।

১০. বছরভিত্তিক এডিপি বরাদ্দ: অবমুক্তি ও ব্যয় (পিসিআর হতে প্রাপ্ত তথ্যানুযায়ী):

(লক্ষ টাকায়)

অর্থ বছর	এডিপি বরাদ্দ	অবমুক্তি	ব্যয়
২০১৬-১৭	১৯৯.৮১	১৯৯.৮১	১৯৫.৬৩

১১. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

ক্র: নং	কর্মকর্তার নাম ও পদবী	দায়িত্ব পালনের সময়কাল
১	মানষ মিত্র সিনিয়র সহকারী প্রধান পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়	০১/০১/২০১৬ হতে ৩১/০৭/২০১৭ পর্যন্ত

১২. প্রকল্প মূল্যায়ন পদ্ধতি: প্রকল্পটি সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদনের প্রণয়নের উদ্দেশ্যে প্রকল্পটি সম্পর্কে আইএমইডি'র পর্যবেক্ষণ প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করা হয়:

(ক) প্রকল্প অনুমোদিত ডিপিপি নথি ও পিসিআর পর্যালোচনা;

(খ) প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন প্রাপ্ত তথ্য;

(গ) প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শনের সময় প্রকল্প সংশ্লিষ্টদের সাথে আলোচনা;

(ঘ) প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের নিমিত্ত গণপূর্ত বিভাগের (ই/এম) বর্তমান কার্যক্রম পর্যালোচনা।

১৩. প্রকল্পের পরিকল্পিত উদ্দেশ্য ও অর্জন:

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
১। ভোল্টেজের উঠা-নামা হতে সকল ইলেকট্রিক্যাল ইক্যুইপমেন্ট রক্ষা করা	প্রকল্পের এই উদ্দেশ্যেটির সাথে প্রকৃতপক্ষে প্রকল্পের আওতায় সম্পাদিত কার্যক্রমের তেমন কোন সংশ্লিষ্টতা নেই। আলোচ্য প্রকল্পের আওতায় সোলার প্যানেল স্থাপন করে বিদ্যুৎ প্রাপ্তি নিশ্চিত করা হয়েছে। এ ক্ষেত্রে ভোল্টেজের উঠা-নামা হতে সকল ইলেকট্রিক্যাল ইক্যুইপমেন্টগুলো সংরক্ষনের জন্য কোন ডিভাইস ক্রয় বা স্থাপন করা হয়নি এবং এ ধরণের ডিভাইজ স্থাপনের provision ও ডিপিপিতে ছিল না। ফলে ডিপিপিতে বর্ণিত প্রকল্পের এই উদ্দেশ্যটি অর্জিত হয়নি।
২। সার্বক্ষণিক বিদ্যুত সরবরাহ নিশ্চিত করা	শুধুমাত্র এই প্রকল্পের কার্যাবলীর মাধ্যমে সার্বক্ষণিক বিদ্যুত সরবরাহ করা নিশ্চিত হয়নি। প্রকৃতপক্ষে সার্বক্ষণিক বিদ্যুত সরবরাহ নিশ্চিত করার জন্য পরিকল্পনা মন্ত্রণালয়ের চত্বরে ট্রান্সফরমার ও জেনারেটর ব্যবহার করা হয়।
৩। একনেক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	আলোচ্য প্রকল্পটি গ্রহণের পিছনে মূল ভূমিকা ছিল একনেক সভা ও পরিকল্পনা বিভাগে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন। উক্ত সভাসমূহে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী পরিকল্পনা কমিশন চত্বরে সোলার প্যানেল স্থাপনের জন্য এই প্রকল্পটি গ্রহণ করা হয়ে।
৪। বিদ্যুতে চাহিদা পূরণ	আলোচ্য প্রকল্পটির মাধ্যমে বিদ্যুতের চাহিদা পূরণ করা হয়েছে, তবে তা মোট চাহিদার তুলনায় খুবই নগন্য। এ বিষয়ে পরিদর্শন ও পর্যবেক্ষণ অংশের ক্রমিক ১৪.৩ এ বিস্তারিত উল্লেখ করা হয়েছে।
৫। বিদ্যুত সরবরাহের চাহিদা হ্রস	DPDC (Dhaka Power Distribution Company) হতে বিদ্যুতের চাহিদা নির্ণয় করা হয় সমগ্র পরিকল্পনা মন্ত্রণালয় চত্বরকে একক সত্বা হিসেবে। মন্ত্রণালয়ের প্রতিটি ভবনে পৃথক পৃথকভাবে বিদ্যুতের চাহিদা সংক্রান্ত কোন তথ্য উপাত্ত নির্ণয় করা হয় না। কিন্তু এ প্রকল্পের আওতায় শুধুমাত্র প্রতিটি ব্লকে সংযোজিত পৃথক পৃথক মিটারের মাধ্যমে বিদ্যুত যুক্ত হচ্ছে। ফলে বিদ্যুত সরবরাহের চহিদা হ্রস পেয়েছে কিনা তা নিরূপণ করা সম্ভব হয়নি।
৬। নবায়নযোগ্য জ্বালানীর যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ	আলোচ্য প্রকল্পটির মাধ্যমে সৌর শক্তির যথাযথ ব্যবহারের মাধ্যমে বিদ্যুত উৎপাদন ও সরবরাহ করা হয়েছে। এতে নবায়যোগ্য জ্বালানীর ব্যবহার নিশ্চিত করা হয়েছে।

১৪ পরিদর্শন ও পর্যবক্ষণ:

১৪.১ প্রকল্পটির সমাপ্ত মুল্যায়ন প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে আইএমইডি কর্তৃক গত ০৫/০৮/২০১৮ তারিখ ঢাকার আগারগাঁও এ অবস্থিত পরিকল্পনা মন্ত্রণালয় চত্বরে প্রকল্পের আওতায় সম্পাদিত কার্যবলী পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় গণপূর্ত বিভাগের উপ-বিভাগীয় প্রকৌশলী ই/এম এবংসংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

১৪.২ পরিদর্শনকালে পরিকল্পনা মন্ত্রণালয়ে অবস্থিত ১৮ টি ভবনে এবং এনইসি ১ ও ২-এ স্থাপিত সৌর প্যানেলগুলো পর্য়বেক্ষণ করা হয় এবং প্রতিটি ভবনে স্থাপিত সৌর প্যানেল মিটারগুলো হতে পরিদর্শনের দিন ও সৌর বিদ্যুতের মিটার স্থাপনের দিন হতে কত কিলোওয়াট/মেগাওয়াট বিদ্যুত পাওয়া গিয়েছে তার তথ্য সংগ্রহ করা হয়। তবে ভবন ১ ও ১২ তে অবস্থিত মিটার দুটো হতে কোন তথ্য পাওয়া যায়নি। গণপূর্ত বিভাগের সংশ্লিষ্ট প্রকৌশলী জানান এই ভবন দুটোর মিটারের সংযোগ আলগা হয়ে যেতে পারে ফলে তথ্য পাওয়া যাচ্ছেনা। ১৯/০৮/২০১৮ তারিখে বিভিন্ন ভবন হতে প্রাপ্ত সৌর বিদ্যুতের রিডিং নিম্নরূপ:

ভবনের নাম	১৯/০৮/২০১৮ তরিখে প্রাপ্ত বিদ্যুত (কিলো-ওয়াট)	সৌর প্যানেল স্থাপনের তারিখ হতে ১৯/০৮/২০১৮ তারিখ পর্যন্ত প্রাপ্ত বিদ্যুত (মেগাওয়াট)
ভবন-১	--	--
ভবন-২	৮.৭	৬,১২৬
ভবন-৩	১১.২	৬,৮৭৭
ভবন-৪	১৮.৪	৫,৫৫৫

ভবনের নাম	১৯/০৮/২০১৮ তরিখে প্রাপ্ত বিদ্যুত (কিলো-ওয়াট)	সৌর প্যানেল স্থাপনের তারিখ হতে ১৯/০৮/২০১৮ তারিখ পর্যন্ত প্রাপ্ত বিদ্যুত (মেগাওয়াট)
ভবন-৫	৯.৮	৬,১৩৬
ভবন-৬	১৭.১	৫,৮৪৯
ভবন-৭	১২.০০	৬,৮৪৮
ভবন-৮	৭.৯	৬,২৮৬
ভবন-৯	৯.৭	১৩,৩৬৮
ভবন-১০	৮.৫	৫,৬৪৯
ভবন-১১	১১.৮	৫,৪৫৯
ভবন-১২	--	--
ভবন-১৩	৩.৪	৩,৮৮৯
ভবন-১৪	১২.৯	৬,১৭৯
ভবন-১৫	৯.১	৬,৫৬৭
ভবন-১৬	৯.৩	৭,৬১৪
ভবন-১৭	৩.৩	৬,৮৯২
ভবন-১৮	৯.৮	৬,১৪৭
এনইসি ভবন-১	৯.৮	৬,৩৫১
এনইসি ভবন-২	৮.৩	৫,৫৯৪

১৪.৩ পর্যবেক্ষণে দেখা যায় যে, প্রতিটি ভবনে স্থাপিত সৌর প্যানেল হতে প্রতিদিন গড়ে ১০.৫০ কিলোওয়াট বিদ্যুত পাওয়া যাচ্ছে। গণপূর্ত ই এম বিভাগের উপ-বিভাগীয় প্রকৌশলী জানান বর্তমানে পরিকল্পনা কমিশন চত্বরে বিদ্যুতের দৈনিক চাহিদা আনুমানিক ২৪৯২ মেগাওয়াট; যার মধ্যে শীততাপ নিয়ন্ত্রণ যন্ত্রের জন্য বিদ্যুত খরচ হয় আনুমানিক ২০০০ মেগাওয়াট, ফ্যান, লাইট ও অন্যান্য বৈদ্যুতিক সরঞ্জামাদি চালানোর জন্য ব্যয় হয় আনুমানিক ৫০০ মেগাওয়াট। তিনি জানান সরকারী বিধান অনুসারে ভবনসমূহের লাইট ও ফ্যান এর বৈদ্যুতিক চাহিদার ৩% অর্থাৎ ১৫ মেগাওয়াট বিদ্যুতের চাহিদা সৌর বিদ্যুত কার্যক্রমরের মাধ্যমে পূরণ করা প্রয়োজন। পর্যবেক্ষণে দেখা যায় যে, ২০ টি ভবনের সৌর প্যানেলগুলো হতে দৈনিক প্রায় ১৮১ কিলোওয়াট বিদ্যুত উৎপাদন হয়, অর্থাৎ ফ্যান ও লাইটের বৈদ্যুতিক চাহিদার ৩% এর (১৫ মেগাওয়াট) স্থলে বর্তমানে পাওয়া যাচ্ছে ১৮১ কিলোওয়াট সৌর বিদ্যুত যা প্রাপ্তির হিসেবে খুবই নগন্য। তবে প্রকল্পের নাম এবং মূল কার্যক্রম থেকে স্পষ্ট প্রতীয়মান হয় যে, সোলার সিস্টেম সরবরাহ ও স্থাপন করা হয়েছে দৈনিক ১০০ কিলো-ওয়াট (৫×২০) সৌর বিদ্যুতের জন্য অর্থাৎ ২০ টি ভবন হতে গড়ে ০৫ কিলো-ওয়াট বিদ্যুত প্রাপ্তির লক্ষ্যে। পরিদর্শনে দেখা যায় যে, প্রতিটি প্যানেল (অকেজো দুটো বাদে) হতে দৈনিক গড়ে দ্বিগুন (১০.৫০ কিলো-ওয়াট) বিদ্যুত পাওয়া যাচ্চে যা আশাব্যঞ্জক।

১৪.৪ পরিদর্শনে প্রাপ্ত তথ্যের সাথে PCR (Project Completion Report) এ উল্লিখিত তথ্যের কিছু গরমিল পাওয়া যায়। যেমন : PCR এ Implementation Position এর ক্রমিক ০৫ এ অঙ্গভিত্তিক অগ্রগতি বর্ণনার ক্ষেত্রে ডিপিপি অনুযায়ী সকল কম্পোনেন্টগুলো উল্লেখ করা হয়নি। শুধুমাত্র 'পরিকল্পান কমিশন চত্বরে সোলার সিস্টেম স্থাপন' কম্পোনেন্টটি উল্লিখে করে মোট ব্যয় দেখানো হয়েছে ১৯৫.৬৩ লক্ষ টাকা যা হিসেবে ভূল বলে প্রতীয়মান হয়। প্রকৃতপক্ষে যোগফল হবে ১৯১.০৪ লক্ষ টাকা। ডিপিপি পৃষ্ঠা-৪ এ Work contingency-তে স্টেশনারী, বিজ্ঞাপন প্রচার, প্রকল্প এ্যালাউন্স ও আপ্যায়ন ব্যয় উল্লেখ থাকলেও PCR-এ Work contingency খাতে কোন ব্যয় দেখানো হয়নি। এছাড়া PCR এর Implementation Position অংশের ক্রমিক ০৫ এ অঙ্গাভিত্তিক ব্যয় অংশে যে মোট ০৫ (পাঁচ) টি প্যাকেজে দরপত্র আহ্বান করা হয়েছে সে প্যাকেজগুলো প্রাক্কলিত ব্যয় এবং প্রকৃত ব্যয় দেখানো হয়েছে। পর্যবেক্ষণে দেখা যায় যে, প্যাকেজ-১ এ প্রাক্কলিত ব্যয় ছিল ৩৮.২০ এবং প্রকৃত ব্যয় হয়েছে ৩৮.০৪ প্যাকেজ-২ এ প্রক্কলিত ব্যয় ছিল ৩৮.২৫ এবং প্রকৃত ব্যয় ছিল ৩৮.০৯ লক্ষ টাকা। এভাবে প্রতিটি প্যাকেজের ক্ষেত্রে প্রকৃত ব্যয় সংক্রান্ত তথ্য প্রদানের ক্ষেত্রে ভুল তথ্য প্রেরণ করা হয়েছে। এছাড়া component wise ব্যয় উল্লেখ না করায় কোন component এর বিপরীতে কত টাকা ব্যয় হয়েছে তা স্পষ্টভাবে নির্ণয় করা যায়নি।

১৪.৫ আলোচ্য প্রকল্পের আওতায় সোলার সিস্টেম স্থাপনের জন্য সর্বমোট পাঁচটি প্যাকেজ LTM (Limited Tendering Method) এ দরপত্র আহ্বান করা হয়েছে। নিম্নে এগুলোর বিস্তারিত বর্ণনা দেয়া হলো:

প্যাকেজ-১ এর মাধ্যমে ভবন নং ১,২,৩,৪; প্যাকেজ-২ এর ভবন নং- ৫,৬,৭,৮; প্যাকেজ-৩ এর মাধ্যমে ভবন নং৯,১০,১১,১২; প্যাকেজ-৪ এর মাধ্যমে ভবন নং-১৩,১৪,১৫,১৬; এবং প্যাকেজ-৫ এর মাধ্যমে ১৭,১৮ NEC-১,২ ভবনের ছাদে সোলার প্যানেল স্থাপন করা হয়। পরিদর্শনে দেখা যায় যে, পিপিআর -২০০৮ এর বিধি-বিধান অনুসরণ করে দরপত্র আহ্বান ও প্রক্রিয়াকরণ করা হয়েছে। এছাড়া জানা যায় যে, প্রকল্প মেয়াদেই সৌর প্যানেল সরবরাহ ও স্থাপনের কাজ সমাপ্ত হয়।

ক্রমিক নং	দরপত্র প্যাকেজের নাম	প্রক্কলিত মূল্য	চুক্তি মূল্য	চুক্ত স্বক্ষরের তারিখ	ঠিকাদারী প্রতিষ্ঠানের নাম	কাজ সমাপ্তির তারিখ
১.	প্যাকেজ-০১	৩৮.২০	৩৮.০৪	১৮/১২/২০১৬	মেসার্স বি, হোসেন এন্টারপ্রাইজ, ৮৫ কাঁঠাল বাগান, ঢাকা।	২৭/১২/২০১৬
২.	প্যাকেজ-০২	৩৮.২৫	৩৮.০৯	১৮/১২/২০১৬	মেসার্স আল-আমীন ইলেকট্রিকস, ৩২২/সি ০১, পূর্ব নাখালপাড়া, তেজগাঁও, ঢাকা।	২৭/১২/২০১৬
৩.	প্যাকেজ-০৩	৩৮.১৬	৩৮.০০	১৮/১২/২০১৬	মেসার্স আল-আমীন ইলেকট্রিকস, ৩২২/সি ০১, পূর্ব নাখালপাড়া, তেজগাঁও, ঢাকা।	৩০/১২/২০১৬
৪.	প্যাকেজ-০৪	৩৮.২৩	৩৮.০৭	১৮/১২/২০১৬	মেসার্স বি, হোসেন এন্টারপ্রাইজ, ৮৫ কাঁঠাল বাগান, ঢাকা।	২৭/১২/২০১৬
৫.	প্যাকেজ-০৫	৩৮.২০	৩৮.০৪	১৮/১২/২০১৬	মেসার্স আল-আমীন ইলেকট্রিকস, ৩২২/সি ০১, পূর্ব নাখালপাড়া, তেজগাঁও, ঢাকা।	২৭/১২/২০১৬

১৪.৬ পরিদর্শনে জানা যায় যে, অনুমোদিত ডিপিপি এর সংস্থান অনুযায়ী ১ লক্ষ টাকা ব্যয়ে কম্পিউটার ক্রয় করা হয়েছে। তবে এই কম্পিউটার ও এ্যাক্সেসরিজ ক্রয়ের কোন দলিলপত্র যা কম্পিউটারটির কোন হদিন পাওয়া যায়নি।

১৫ সুপারিশ:

১৫.১ প্রকল্পের আওতায় ২০ টি সোলার প্যানেলের মাধ্যমে (৫×২০kwp)=১০০ kwp সৌর বিদ্যুত সংগ্রহের পরিকল্পনা ছিল। বাস্তবিকভাবে এ সকল সোলার প্যানেল হতে গড়ে ১৮৪ kwp অর্থাৎ প্রায় দ্বিগুণের সমপরিমাণ বিদ্যুত পাওয়া যাচ্ছে। এতে আলোচ্য প্রকল্প হতে সুফল পাওয়া যাচ্ছে মর্মে প্রতীয়মান হয় (ক্রমিক ১৪.২,১৪.৩)।

১৫.২ প্রকল্পের পিসিআর পর্যবেক্ষণ করে দেখা যায় যে, ভুল তথ্য সম্বলিত একটি পিসিআর প্রস্তুত করা হয়েছে যা কাম্য নয়। এর ফলে প্রকল্পের অঙ্গভিত্তিক প্রকৃত ব্যয় সম্পর্কে কোন ধারণা পাওয়া যায়নি। এমতাবস্থায়, পিসিআর প্রণয়নের দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণকে আরো সতর্কভাবে কাজ করার জন্য পরিকল্পনা বিভাগ নির্দেশনা প্রদান করবে (ক্রমিক ১৪.৪)

১৫.৩ পরিদর্শন প্রতীয়মান হয় যে, ডিপিপিতে উল্লেখিত উদ্দেশ্যগুলোর অনেকাংশেই অপ্রাসাঙ্গিক যা ইতোমধ্যে উদ্দেশ্য ও অর্জন অংশে বর্ণনা করা হয়েছে। এমতাবস্থায় ভবিষ্যতে প্রকল্প গ্রহণকালে উদ্দেশ্য উল্লেখের ক্ষেত্রে আরো পর্যালোচনা করা প্রয়োজন। প্রকল্প গ্রহণকালের উদ্দেশ্য বর্ণনার ক্ষেত্রে আরো বেশী যৌক্তিক হবার জন্য পরিকল্পনা বিভাগ সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ জানাবে (ক্রমিক ১৩)।

১৫.৪ পরিকল্পনা বিভাগের অধিকাংশ প্রকল্পেই কম্পিউটার যন্ত্রাংশ, আসবাবপত্রম বৈদ্যুতিক যন্ত্রপাতি ক্রয় করা হয়ে থাকে যেমন: আলোচ্য প্রকল্পের মাধ্যমে একটি কম্পিউটার ক্রয় করা হয়েছে মর্মে জানা যায়। কিন্তু কম্পিউটারটি পাওয়া যায়নি। প্রকল্পের আওতায় ক্রীত এ সকল পণ্যদ্রব্য/ মালামাল ও তথ্যাদি যথাযথ সংরক্ষণের জন্য পরিকল্পনা বিভাগ বিশেষ ব্যবস্থা গ্রহণ করবে যাতে এগুলোর সঠিক ব্যবহার নিশ্চিত হয়।

১৫.৫ পরিদর্শনকালে দেখা যায় যে, দুটো সোলার মিটার হতে বৈদ্যুতিক রিডিং পাওয়া যাচ্ছেনা। মেশিন দুটো মেরামতের বিষয়ে নির্বাহী প্রকৌশলী গণপূর্ত ব্যবস্থা গ্রহণ করবেন।

১৫.৬ সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ১ মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করার জন্য পরিকল্পনা বিভাগকে অনুরোধ করা হলো।